মূল মামলার অংশবিধায় জারি কার্য স্থগিত রাখা হয় [49 DLR 351]। যে টাকার জন্য পূর্ববর্তী মামলা বিচারাধীন রহিয়াছে, একই টাকা আদায়ের জন্য পরবর্তী মামলা স্থগিত থাকিবে [AIR 1997 (Bom) 187]

পূর্ববর্তী ফৌজদারী মামলা বিচারাধীন রহিয়াছে এই অজুহাতে একই বিষয়বস্তু সম্পর্কিত পরবর্তী দেওয়ানী মামলার কার্যক্রম স্থগিত রাখা যায় [AIR 1998 (MP) 191]। মধ্যপ্রদেশ হাইকোর্টের মতে একমাত্র এই কারণেই দেওয়ানী মামলা স্থগিত করা যাইবে না [AIR 2016 MP 63]। তবে ডিসঅনারকৃত চেক অনুসারে পাওনা আদায়ের জন্য রুজুকৃত মোকদ্দমা কার্যবিধির ১০ ধারা মতে স্থগিত রাখা উচিত হইবে না কেবল এই কারণে যে, ফৌজদারী মামলা দায়ের করা হইয়াছে [2003 (2) All India cases 947 (Chat.)]। একই বিষয়বস্তু লইয়া একই পক্ষগণের মধ্যে মামলা একসঙ্গে পাশা-পাশি বা পর্যায়ক্রমে হইতে পারে [56 DLR (HC) 149]।

১৩। প্রতিকারের ভিন্নতা ঃ যেক্ষেত্রে দুইটি মামলার প্রতিকার ভিন্ন কিন্তু মামলার বিষয়বস্তু অভিন্ন, সেক্ষেত্রে ১০ ধারার বিধানাবলী প্রযোজ্য হইবে। প্রতিকারের ভিন্নতা অবাস্তব, মামলার বিষয়বস্তু ও বিষয়ের অভিন্নতাই বিবেচ্য [PLD 1968 Dacca 557]। তবে যেখানে মামলার উদ্ভবের কারণ ও প্রতিকার দুইটিই ভিন্ন সেখানে ধারাটি প্রয়োগযোগ্য হইবে না [AIR 1963 (MP) 59]।

১৪। বিদেশী আদালতে বিচারাধীন মামলা ঃ কোন বিদেশী আদালতে কোন মামলা বিচারাধীন থাকিলেও উহা একই বিষয়ের উপর দেশী আদালতকে দ্বিতীয় মামলা গ্রহণ করিতে বাধা দিবে না [AIR 1954 (Punj) 94]। তবে ন্যায়পরতার বিরোধী মনে করিলে হাইকোর্ট কোন পক্ষকে একই কারণের জন্য বিদেশী কোন আদালতে মামলা দায়ের করিতে বারণ করিতে পারেন [AIR 1928 (Bom) 135]। তবে অধঃস্তন আদালতের এইরূপ কোন ক্ষমতা নাই [AIR 1964 J&K 65]।

১৫। পূর্বের দাখিলী মামলা স্থগিত করা যায় ঃ সাধারণতঃ ১০ ধারার অধীনে পরবর্তী মামলা স্থগিত করা হয়, কিন্তু ন্যায়বিচারের স্বার্থে আদালত পূর্ববর্তী মামলাও স্থগিত করিতে পারেন। যেমন দখল উদ্ধারের জন্য বাদী বিবাদীর বিরুদ্ধে সুনির্দিষ্ট প্রতিকার আইনে মামলা করেন। বিবাদী পরে বাদীর বিরুদ্ধে ৪২ ধারার অধীনে স্বত্বের মামলা দায়ের করে। এইরূপ ক্ষেত্রে ন্যায়বিচারের স্বার্থে আদালত বাদীর পূর্ববর্তী মামলা স্থগিত করিতে পারেন [21 DLR 209]।

১৬। আংশিক স্থগিতাদেশ ঃ এই ধারার অধীনে আংশিক স্থগিতাদেশ প্রদান করা যায়, যেমন একজন বিবাদীর বিরুদ্ধে স্থগিতাদেশ বহাল রাখিয়া অন্যান্য বিবাদীর বিরুদ্ধে মামলাটি চলিতে পারে [AIR 1964 (Cal) 373]।

ধারা-১১। পূর্ব বিচার সিদ্ধান্ত ঃ কোন আদালত এমন কোন মামলা বা প্রশ্নের বিচার করিবেন না, যাহার প্রত্যক্ষ ও মূল বিচার্য বিষয়বস্তু পূর্ববর্তী কোন মামলার প্রত্যক্ষ ও মূল বিচার্য বিষয়বস্তু ছিল এবং মামলাটি একই পক্ষসমূহের মধ্যে হইয়াছে, যাহাদের সূত্রে বা যাহাদের মধ্যে একজনের সূত্রে পরবর্তী মামলার পক্ষসমূহ বা পক্ষসমূহের মধ্যে একজন স্বত্ব দাবি করেন এবং মামলাটি এমন একটি আদালতে শ্রুত ও চূড়ান্তভাবে নিষ্পত্তি হইয়াছে যে আদালত পরবর্তী মামলা অথবা যে মামলায় পরবর্তী বিষয়টি উত্থাপিত হইয়াছে, উহার বিচার করিতে এখতিয়ারসম্পন্ন।

ব্যাখ্যা (১) ঃ "পূর্ববর্তী মামলা" বলিতে সেই মামলা বুঝাইবে, যাহার বিচার বর্তমান মামলার পূর্বেই নিষ্পত্তি হইয়াছে উহা পূর্বে দায়ের করা হউক বা না হউক।

ব্যাখ্যা (২) ঃ এই ধারার উদ্দেশ্য কোন আদালতের বিচার ক্ষমতা উহার রায়ের বিরুদ্ধে আপীল করার অধিকার সম্পর্কিত বিধানাবলী সত্ত্বেও চূড়ান্ত হইবে।

ব্যাখ্যা (৩) ঃ উপরোক্ত প্রত্যক্ষ ও মূল বিষয়টি পূর্ববর্তী মামলার এক পক্ষ কর্তৃক দাবিকৃত এবং অপর পক্ষ কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে স্বীকৃত বা অস্বীকৃত হইয়া থাকিতে হইবে।

ব্যাখ্যা (৪) ঃ পূর্ববর্তী মামলায় যে বিষয় আত্মপক্ষ সমর্থন বা বিপক্ষের যুক্তি খন্ডনের জন্য ব্যবহৃত হইতে পারিত বা হওয়া উচিত ছিল, তাহা উক্ত মামলার প্রত্যক্ষ ও মূল বিচার্য বিষয় ছিল বলিয়া ধরিয়া লইতে হইবে।

ব্যাখ্যা (৫) ঃ আরজিতে যে প্রতিকার প্রার্থনা করা হইয়াছে, ডিক্রীতে তাহা সুস্পষ্টরূপে মঞ্জুর না হইয়া থাকিলে, এই ধারার উদ্দেশ্যে তাহা প্রত্যাখ্যান করা হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে।

ব্যাখ্যা (৬) ঃ একাধিক ব্যক্তি যখন কোন সাধারণ অধিকার অথবা সকলের স্বার্থ সংশ্লিষ্ট কোন ব্যক্তিগত অধিকারের জন্য সরল বিশ্বাসে মামলা করে, তখন উক্ত স্বার্থের সহিত সংশ্লিষ্ট সমস্ত লোক এই ধারার উদ্দেশ্যে মামলাকারীদের সূত্রে স্বত্ব দাবি করিতেছে বলিয়া ধরিতে হইবে।

11. Res-judicata—No Court shall try any suit or issue in which the matter directly and substantially in issue has been directly and substantially in issue in a former suit between the same parties, or between parties under whom they or any of them claim, litigating under the same title, in a court competent to try such subsequent suit or the suit in which such issue has been subsequently raised, and has been heard and finally decided by such Court.

Explanation I—The expression "former suit" shall denote a suit which has been decided prior to the suit in question whether or not it was instituted prior thereto.

Explanation II—For the purposes of this section, the competence of a Court shall be determined irrespective of any provisions as to a right of appeal from the decision of such Court.

Explanation III—The matter above referred to must in the former suit have been alleged by one party and either denied or admitted, expressly or impliedly, by the other.

Explanation IV—Any matter which might and ought to have been made ground of defence or attack in such former suit shall be deemed to have been a matter directly and substantially in issue in such suit.

Explanation V—Any relief claimed in the plaint, which is not expressly granted by the decree, shall, for the purposes of this section, be deemed to have been refused.

Explanation VI—Where persons litigate *bona fide* in respect of a public right or of a private right claimed in common for themselves and others, all persons interested in such right shall, for the purposes of this section, be deemed to claim under the persons so litigating.

সার সংক্ষেপ

১। উদ্দেশ্য ও নীতি ঃ ধারার মূল কথা হইল যে বিষয়ের বিচার একবার হইয়া গিয়াছে তাহা লইয়া পুণঃবার মামলা করা যায় না। এই নীতিকে সাধারণ ভাষায় দোবারা দোষ বা ইংরেজিতে রেস জুডিকাটা বলা হয়। মামলার পুন পুনিকা বা আধিক্য বন্ধ করাই এই ধারার উদ্দেশ্য। একই কারণে একই প্রতিকারের জন্য একই ব্যক্তি বা ব্যক্তিবর্গের মধ্যে একাধিক মামলা চলিতে পারেনা [1981 CIC 52]।

পূর্ব বিচার সিদ্ধান্তের মৌলিক নীতি হইতেছে, মামলাটি অবশ্যই পক্ষগণের মধ্যে চূড়ান্তভাবে যোগ্য এখতিয়ারসম্পন্ন আদালতের মাধ্যমে নিষ্পত্তি হইতে হইবে। একই ব্যক্তিকে একই কারণে একাধিকবার বিরক্ত করা হইতে বিরত রাখাই এই আইনের উদ্দেশ্য। মূলতঃ এই আইনের অভিপ্রেত হইল মামলাকারীদেরকে দুইবার বিরক্ত হইতে রক্ষা করা [45 DLR 405]। যদি একবার কোন বিচার্য বিষয় চূড়ান্তভাবে নিষ্পত্তি হয় একই পক্ষের মধ্যে উহা আর বিতর্কিত হইতে পারে না [10 MLR (AD) 90; 54 DLR 310]। যেক্ষেত্রে বিবাদি রেসজুডিকেটা দ্বারা বারিত মর্মে দাবি করে সেক্ষেত্রে উহা প্রমাণের দায়িত্ব বিবাদির [AIR 2015 NOC 656 Bom]।

২। পূর্ব ইতিহাস ঃ রেস জুডিকাটা নীতি শামিলকারী ১১ ধারার একটি অত্যন্ত প্রাচীন ইতিহাস আছে।

হিন্দু ও মুসলিম আইনবিদগণ উহা ভালভাবে উপলব্ধি করে। রোমান আইন মতে, ইহা স্বীকৃত হয় যে, একটি মোকদ্দমা ও একটি সিদ্ধান্তই যে কোন একক বিরোধের জন্য পর্যাপ্ত। মতবাদটি ইউরোপীয় দেশসমূহ

এবং ইংরেজি ভাষাভাষি জগতে গৃহীত হয়। তবে নীতিটা কঠোর হিসাবে মনে হইতে পারে, যখন আদালত কোন ভ্রান্ত সিদ্ধান্ত প্রদান করেন। কিন্তু মতবাদটি সরকারি নীতির কারণে যৌক্তিক মনে হইতে পারে, যাহার উদ্দেশ্য হইল, প্রত্যেক মোকদ্দমার একটা শেষ থাকা উচিত এবং একজন মামলাকারীকে দুইবার বিরক্ত করা উচিত হইবে না। মতবাদটির প্রয়োগ হইতে সৃষ্ট কঠোরতা সর্বদাই আইনে বর্ণিত আপীলের সাহায্যে এড়ানো যায়। এই ধারাটি (ধারা-১১) একই একাধিক পক্ষদের মধ্যে একই বিচার্য বিষয়ের সিদ্ধান্তকে বাধা দেয় [BSCD Vol. 1, P.49; 10 MLR (AD) 90; 10 MLR (AD) 144; 2 MLR (AD) 218; 2 MLR (AD) 291]।

৩। আওতা ঃ কোন মামলা এই আইনের ১১ ধারায় আনার জন্য পূর্ববর্তী মোকদ্দমা ও পরবর্তী মোকদ্দমার বিচার্য বিষয় একই হইবে, পক্ষগণ ও বিচার্য বিষয়ও একই হইবে এবং মোকদ্দমাটি চূড়ান্তভাবে নিষ্পত্তি কৃত হইতে হইবে [66 DLR (HC) (2014) 587]। একই পক্ষগণের মধ্যে ইতোমধ্যে নিষ্পত্তিকৃত একই বিষয় বাস্তব কোন মামলা একই নালিশের কারণে পরবর্তী মামলা খারিজ করা আদালতের বিধিবদ্ধ কর্তব্য [12 MLR 2007 (HC) 361]। এই আইনের বিধান বাধ্যতামূলক এবং পূর্ব মামলার কোন পক্ষের সূত্রে দাবিকারী মামলার কোন ব্যক্তি কেবলমাত্র সাক্ষ্য আইনের ৪৪ ধারার সুযোগ নিয়া ইহার বিধান এড়াইতে পারেন [AIR 1937 PC 1]।

রেস্ জুডিকাটা নীতিটা আপীল এবং মিস কার্যক্রমের ক্ষেত্রেও প্রযোজ্য, যেহেতু ইহা মূল মামলার ক্ষেত্রে প্রযোজ্য হয়। ইহা একই কার্যক্রমের দুই পর্যায়ের মধ্যে প্রযোজ্য হয় [1989 BLD 253; PLD 1969 Kar 646]।

আপীল চলাকালে যখন একই বিচার্য বিষয়ে চূড়ান্ত রায় কোন উপযুক্ত আদালত কর্তৃক ঘোষিত হয়, তখন ইহা রেস্জুডিকাটা হিসাবে কার্যকর হয় [AIR 1939 Sind 329; AIR 1969 All 504]। রেস জুডিকাটা নীতিটি আইনের প্রশ্ন বিধায় আপীলেও উত্থাপন করা যায় যদিও নিম্ন আদালতে উহা প্রেস (press) করা হয় নাই [2 DLR 205, contra AIR 2005 (SC) 1370]।

যেই সিদ্ধান্ত আদালতের বিচারিক আদেশ তাহা রেস্জুডিকাটা হিসাবে ব্যবহৃত হইতে পারে। তবে প্রশাসনিক আদেশ নহে [13 DLR 571]।

রেসজুডিকাটা নীতিটা পারস্পরিক এবং উভয় পক্ষদের ক্ষেত্রে প্রযোজ্য যেই পক্ষ পূর্ববর্তী মোকদ্দমায় পরাজিত হইয়াছিল শুধুমাত্র তাহার ক্ষেত্রে নহে [AIR 1957 All 270]। এই আইনের ১০ও ১১ ধারা পারিবারিক আদালতের কার্যক্রমে প্রযোজ্য হইবে [7 MLR 1]। যেক্ষেত্রে প্রতিকার ও পক্ষ অভিন্ন নহে, এবং পূর্বের মামলা গুণাগুণের ভিত্তিতে নিষ্পত্তি হয় নাই সেক্ষেত্রে রেসজুডিকেটা প্রযোজ্য হইবে না [AIR 2015 SC 3826]। রেসজুডিকেটা আরজি খারিজের হেতু হইতে পারে না কারণ আইন ও ঘটনার মিশ্র প্রশ্ন জড়িত থাকায় তাহাতে সাক্ষ্য প্রয়োজন [AIR 2015 SC 3357]। ইস্যু গঠন করিয়া শুনানীতে সুযোগ দিতে হইবে [AIR 2015 Chh 166]।

৩(ক)। রেসজুডিকাটা এবং স্বকার্যজনিত স্বীকৃতির বাধা [Res Judicata and estoppel) ঃ রেসজুডিকাটা (পূর্ব-বিচার সিদ্ধান্ত)-কে (estoppel) (প্রতিবন্ধক) আইনের শাখা হিসাবে বিবেচনা করা হয় এবং ইহাকে নথিবদ্ধ estoppel (প্রতিবন্ধক) হিসাবে গণ্য করা হয় [2000 BLD 347]।

এই আইনের ১১ ধারায় বর্ণিত নীতিমালা estoppel (প্রতিবন্ধক), এর সুপ্রতিষ্ঠিত এবং সুপরিচিত নীতির বিধিবদ্ধকরণ ব্যতীত কিছু নহে যেমন রায় দ্বারা বাধা। estoppel (প্রতিবন্ধক) এর বাধা সাহায্য হিসাবে প্রার্থনা করা যায় কিনা তাহা সিদ্ধান্তের যথাযথ ব্যাখ্যার উপর নির্ভর করিবে [19 DLR 30]।

কতিপয় দিক দিয়া রেসজুডিকাটা বা দোবারা দোষ ও স্বকার্যজনিত ধারার নীতির সাদৃশ্য আছে। প্রথমোক্তটি ইতিপূর্বে নিষ্পত্তিতে কোন বিষয়ে আদালতকে কোন তদন্ত বা প্রশ্ন করিতে নিষেধ করে।

পক্ষান্তরে, শেষোক্তটি কোন পক্ষকে কোন তদন্ত সমাপ্তির পরে তাহার পূর্ববর্তী ঘোষণা বা কাজ অস্বীকার করিয়া অবস্থান পরিবর্তন করিতে নিষেধ করে। অন্য কথায় দোবারা দোষ সাক্ষ্যের একটি নিয়ম মাত্র যাহা আদালতের এখতিয়ার উচ্ছেদ করে [13 DLR (SC)105]। পক্ষান্তরে, স্বকার্যজনিত বাধা অন্য পক্ষের মুখ বন্ধ করা ছাড়া অধিক কিছু করে না। দোবারা দোষের নীতির মূলকথা হইল কোন ব্যক্তিকে একই বিষয়ে একাধিকবার বিচার করা যাইবে না [AIR 1942 (Cal) 12]। এই নীতি দ্বারা পূর্ববর্তী রায়ের সত্যতা চূড়ান্তভাবে মান্য করা হয়। পক্ষান্তরে, স্বকার্যজনিত বা চূড়ান্ত স্বকৃতির নীতি দ্বারা কোন ব্যক্তিকে পরবর্তীতে যাহা সত্য হিসাবে বলিতে চায় তাহা পেশ করিতে বাধা দেয় [169 (IC) 43]।

৩(খ)। **আইনের বিরুদ্ধে স্বকার্যজনিত বাধা ঃ** ইহা স্বীরিকৃত নীতি যে কোন আইনের বিরুদ্ধে স্বকার্যজনিত বাধা কার্যকর হয় না, কারণ স্বকার্যজনিত বাধা দেশের আইনকে বাতিল করিতে পারে না [AIR 1960 All 519]।

৩(গ)। **দোবারা দোষ ও বিচারাধীন মামলা (lis pendens) ঃ** লিজ পেন্ডেন্স মতবাদটি রেসজুডিকাটা নীতিরই একটি দিক এবং এই দু'য়ের মধ্যে বিরোধ দেখা দিলে দোবারা দোষ নীতিটি বহাল থাকিবে [AIR 1934 (Cal) 552]।

৩(ঘ)। **প্রবেট কার্যক্রম** (Probate proceedings) ঃ উইলের প্রবেট অনুমোদনকারী প্রবেট আদালতের রায় জাজমেন্ট ইন রেম (যে রায় তাহার পক্ষদের বিরুদ্ধে ব্যবহার হয়) কোন মোকদ্দমায় চ্যালেঞ্জ করা যায় না [AIR 1953 (SC) 65; AIR 1979 Punj 250]। উইলের বিশুদ্ধতার ব্যাপারে কোন প্রবেট কার্যক্রমের সিদ্ধান্ত পরবর্তী মোকদ্দমায় রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহার হয় [ILR 38 Bom. 427]।

কিন্তু স্বত্ব সংক্রান্ত প্রশ্নাবলী প্রবেট কার্যক্রমে নিষ্পত্তি করা হয় না এবং সম্পত্তির মালিকানার সম্পর্কে রেস্-জুডিকাটা হইতে পারে না [AIR 1962 (SC) 1471]।

উইলকে প্রতারণা হিসাবে চ্যালেঞ্জকারী দেওয়ানী আদালত কর্তৃক স্বত্বের প্রশ্নে প্রদত্ত কোন সিদ্ধান্ত পরবর্তী প্রবেট কার্যক্রমে রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহার হয় না [AIR 1962 Ori 224]।

৩(ঙ)। **সালিসী কার্যক্রম** (Arbitration proceedings) ঃ রেস্-জুডিকাটার (পূর্ব-বিচার সিদ্ধান্ত) নীতিমালা সালিসী কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হয় [AIR 1971 Cal 512]।

সালিসকারীগণ কর্তৃক প্রদত্ত রোয়েদাদের কোন ডিক্রি একই পক্ষদের মধ্যে রেস্-জুডিকাটা হিসাবে কার্যকর হয় [AIR 1958 Pat 603]। তবে যেক্ষেত্রে দুইটি সালিসের বিবেচ্য বিষয় এক নয় সেক্ষেত্রে রেসজুডিকাটা নীতি প্রযোজ্য নয় [AIR 2013 (SC) 920]। যেক্ষেত্রে জিলা পরিষদ কর্তৃক মীমাংসা চূড়ান্ত বা সালিসের রোয়েদাদ ছিল না, সেক্ষেত্রে দ্বিতীয় মামলা বাধা হইবে না [AIR 2014 Gau 92]।

রেস্-জুডিকাটা নীতিমালার পরিপ্রেক্ষিতে যেই সালিসী রোয়েদাদ পূর্বেই পেশ করা যাইতে পারিত, সেই সালিসী রোয়েদাদ মোতাবেক কোন ডিক্রি জারিকালে সরকার কোন ওজর পেশ করিতে পারিবে না [AIR 1982 NOC 250]।

৩(চ)। **রিট কার্যক্রম** (Writ proceedings) ঃ কোন বিষয়ে একই পক্ষদের মধ্যে কোন রীট পিটিশনে বা মোকদ্দমায় প্রদত্ত কোন সিদ্ধান্ত রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহৃত হইতে পারে এবং বিষয়টি পুনরায় বিবেচনা করিবার জন্য কোন নতুন পিটিশন বা মোকদ্দমা দায়ের করা যাইবে না [42 DLR (AD) 126; 54 DLR 310; 17 DLR (SC) 105; AIR 1986 (SC) 1455; AIR 1998 (SC) 2046; 7 BLC (AD) 114; 2 BLC 588; 27 DLR 541; 57 DLR 171; AIR 2015 Chh 165]।

যখন কোন নির্বাচন সংক্রান্ত বিরোধের বিষয়ে কোন মোকদ্দমার আরজি নির্বাচন সংক্রান্ত ট্রাইব্যুনালের একচেটিয়া এখতিয়ার রহিয়াছে, এই কারণে অগ্রাহ্য করা হয় তখন কোন রীট পিটিশন ঐ নির্বাচন সংক্রান্ত

বিরোধ নিষ্পত্তির জন্য রক্ষণীয় নয় [1989 BLD 496]। গুণাগুণের ভিত্তিতে নিষ্পত্তিকৃত রীট পিটিশনের কোন প্রশ্ন একই পক্ষদের মধ্যে পরবর্তী মোকদ্দমায় পুনরায় উত্থাপন করা যায় না [50 DLR 249]।

যেইক্ষেত্রে কোন কর্মচারীর চাকুরির মেয়াদ অবসান সংক্রান্ত কোন বিরোধ রীট কার্যক্রমে নিষ্পত্তি হয়, সেইক্ষেত্রে বিষয়টি শ্রম আদালতে পুনরায় উত্থাপন করা যায় না [AIR 2003 (SC) 4701]।

যেইক্ষেত্রে ঘটনার কোন বিরোধীয় প্রশ্ন রীট আদালত নিষ্পত্তি করিতে চায়, সেইক্ষেত্রে ইহা উপযুক্ত এখতিয়ারসম্পন্ন আদালতের কোন সিদ্ধান্ত এবং যদি রীট আদালত মামলাটি শুনানি করিয়া থাকে, তাহার সিদ্ধান্ত রেস্-জুডিকাটা হিসাবে কার্যকর হইবে। বিশেষ করিয়া, যেইক্ষেত্রে পক্ষ গুণাগুণের ভিত্তিতে পিটিশনটি নিষ্পত্তিকারী আদালতের এখতিয়ার নিয়া কখনো প্রশ্ন করে নাই [AIR 1989 Del 301]। যখন কোন সিদ্ধান্ত গুণাগুণের ভিত্তিতে প্রদত্ত হইয়া থাকে, তখন কোন দ্বিতীয় দরখাস্ত এমন ওজরের ভিত্তিতে চলিবে না, যেই ওজরটা প্রথম দরখাস্ত শুনানীতে নেওয়া যাইত, কিন্তু নেওয়া হয় নাই [AIR 1965 (SC) 1150; AIR 1986 (SC) 391]।

একই নীতির ভিত্তিতে যেই প্রতিকারটা প্রার্থনা করা হইয়াছিল; কিন্তু মঞ্জুর করা হয় নাই, সেই প্রতিকার প্রত্যাখান করা হইয়াছে বলিয়া গণ্য হইবে [AIR 1977 (SC) 1112]। যেক্ষেত্রে প্রত্যাহার করার কারণে বা গুণাগুণের ভিত্তিতে খারিজ করা না হইলে, ফলপ্রদ প্রতিকার না থাকার কারণে খারিজ করা হয় [AIR 1961 (SC) 1457] বা পূর্ববর্তী মামলার প্রদত্ত সিদ্ধান্তের আইনগত বিধান পরিবর্তনের কারণে সেক্ষেত্রে রেসজুডিকাটা নীতি প্রয়োগযোগ্য নহে [AIR 1969 (SC) 1100]।

শুরুতে খারিজ হওয়া কোন রীট পিটিশন রেস্-জুডিকাটা হইতে পারে না [AIR 1989 (SC) 1764]।

পূর্ববর্তী সিদ্ধান্তও রেস্-জুডিকাটা হইবে না, যখন দ্বিতীয় পিটিশন একটা ভিন্ন কার্যকারণ (cause of action)-এর উপর ভিত্তি করিয়া রুজু করা হয় [AIR 1971 (SC) 1005]। যেক্ষেত্রে পূর্বের রীটে বিচার্য বিষয়টির সিদ্ধান্ত হয়, সেক্ষেত্রে একই বিচার্য বিষয়ে রীট বারিত [AIR 205 NOC 281 Ori]।

৩(ছ)। দেউলিয়াত্ব কার্যক্রম (Bankruptcy proceedings) **ঃ** দেউলিয়াত্ব কার্যক্রমের কোন আদেশ একই পক্ষদের মধ্যে কোন পরবর্তী কার্যক্রমে রেস্-জুডিকাটা কার্যকর হইতে পারে [AIR 1963 SC 754; 52 DLR 138]। কিন্তু রেস্-জুডিকাটার নীতিমালা দেউলিয়াত্ব কার্যক্রমের অপ্রাসঙ্গিক অভিমতের ক্ষেত্রে প্রযোজ্য হয় না [AIR 1958 (SC) 1]।

৩(জ)। আয়কর কার্যধারা ঃ আয়কর কার্যধারায় রেসজুডিকাটা নীতি এই কারণে প্রযোজ্য নয় যে, ইহা কোন আদালত নহে। পূর্ববর্তী বৎসরে সিদ্ধান্ত পরবর্তী কর নির্ধারণের ক্ষেত্রে প্রাক সিদ্ধান্ত বাধা হিসাবে কার্যকর হইবে না, কারণ বিষয়বস্তু এক নহে [AIR 1961 (SC) 1062]। তবে এলাহাবাদ হাইকোর্ট এক মামলায় সিদ্ধান্ত দেন যে, যেক্ষেত্রে পূর্ববর্তী বৎসরের সিদ্ধান্তে পক্ষদের স্ব স্ব অধিকারের নিষ্পত্তি হয় এবং অন্য বৎসরগুলির কর নির্ধারণ প্রভাবিত হয়, সেক্ষেত্রে রেসজুডিকাটা নীতি প্রযোজ্য হইবে [AIR 1950 All 249]।

৩(ঝ)। শ্রম বিরোধ ঃ রেসজুডিকাটা এ্যাকুইজেনস্ এবং ইসটোপেল এর টেকনিক্যাল বিধানগুলি শ্রম আইনে প্রযোজ্য না হইলেও [AIR 1969 (SC) 513]। ভারতীয় সুপ্রিমকোর্ট অভিমত দেন যে, রেসজুডিকাটার বিধানগুলি প্রযোজ্য না হইলেও ট্রাইব্যুনালের সিদ্ধান্তে উহার নীতিগুলি প্রযোজ্য হইবে [AIR 1957 (SC) 38]। কোন বিষয়ে শ্রম আদালত সিদ্ধান্ত নিলে একই বিষয়ে নতুন করিয়া দরখাস্ত গ্রহণ করিবেন না [AIR 1969 Mad 406]।

৩(ঞ)। সেটেলমেন্ট আদালত ঃ পরিত্যক্ত সম্পত্তি নয় এবং ঐ বাড়িতে তাহার স্বত্ব আছে মর্মে ঘোষণা চাহিয়া মামলা করিলে উহা খারিজ হয় এবং আপীল ও খারিজ হয়। এইরূপ সিদ্ধান্ত সেটেলমেন্ট

আদালতে রেস জুডিকাটা হিসাবে কার্যকর হইবে এবং শেষোক্ত আদালত পরিত্যক্ত সম্পত্তির তালিকা হইতে বাড়িটি মুক্ত করিতে পারিবে না [1996 BLD (AD) 122]।

৪। পূর্ববর্তী মোকদ্দমা ও ব্যাখ্যা-১ (Former suit and explanation-1) ঃ সাবেক (Former) মোকদ্দমা বলিতে বর্তমান মোকদ্দমার পূর্বেই নিষ্পত্তি হইয়াছে, বুঝায় ইহা ঐটির পূর্বে দায়ের করা হউক বা না হউক [AIR 1963 (SC) 1]।

ব্যাখ্যা -১ হইতে ইহা স্পষ্ট যে, যদি কোন সিদ্ধান্ত প্রদত্ত হয় এবং ঐ সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া অনুমোদিত হয় বা আইন প্রয়োগের দ্বারা চূড়ান্ত হয়, তাহা হইলে, ঐ সিদ্ধান্ত বিচারাধীন কার্যক্রমে রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহৃত হইবে [AIR 1977 (SC) 1268]। যদি কোন সিদ্ধান্ত চূড়ান্ত হইয়া যায়, এবং কোন আপীল না হয়, তাহা হইলে, নিষ্পত্তিকৃত বিষয়টি পুনরায় অন্য কার্যক্রমে উত্থাপন করা যায় না, যদিও কার্যক্রমটি প্রথম গৃহীত হইয়াছিল [AIR 1976 (SC) 1645]।

একই পক্ষের মধ্যে একই বিষয়ের দুইটির মামলার মধ্যে একটির মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত লিপিবদ্ধ করা হয়। অন্য মামলার বিরুদ্ধে আপীলে অপর মামলার সিদ্ধান্ত রেসজুডিকেটা হইবে [AIR 2014 Pat 232 see also AIR 2015 Pat 173]। প্রথম মামলায় বাদি বেদখল হইতে সুরক্ষা চায়। পরবর্তী মামলায় সে বেদখল হওয়ার কারণে ক্ষতিপূরণ চায়। হাইকোর্ট অভিমত দেন যে, বেদখল হওয়ার পরই ক্ষতিপূরণের কার্যকারণ আরম্ভ হওয়ায় রেসজুডিকেটা দ্বারা বারিত নয় [AIR 2015 NOC 319 HP]।

৫। বিচার্য বিষয়ের অভিন্নতা ঃ মোকদ্দমার বিষয়বস্তু নহে; বরং বিচার্য বিষয়ই রেস্-জুডিকাটার ভিত্তি গঠন করে [20 DLR 732]।

দুই মোকদ্দমার বিষয়বস্তু ভিন্ন হইতে পারে, কার্যকারণ (কজ অব এ্যাকশন) ভিন্ন হইতে পারে, প্রার্থিত প্রতিকার ভিন্ন হইতে পারে; কিন্তু যদি দুই মোকদ্দমার সহিত সংশ্লিষ্ট বিচার্য বিষয় একই হয়, তাহা হইলে, রেস্-জুডিকাটা প্রযোজ্য হইবে [AIR 1935 PC 139; AIR 1953 SC 33; AIR 2003 SC 4295; 1988 BLD 493; 1996 BLD 96]।

বাদীর দখল সম্পর্কে সিদ্ধান্ত ও স্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রি পরবর্তীকালে স্বত্ব ঘোষণা ও দখল পূর্ণ উদ্ধারের মামলা এই ধারা অনুসারে বারিত নয় [AIR 2004 (SC) 2212]। যেক্ষেত্রে নিলাম ক্রেতার প্রথম মামলা ছিল বিদ্যুৎ বিভাগকে পূর্ব মালিকের বকেয়া বলবত হইতে বিরত রাখা খারিজ হয়, পরবর্তী মামলা পূর্ব মালিকের বকেয়ার জন্য সংযোগ বিচ্ছেদের নোটিশ বেআইনী ঘোষণা ভারতীয় সুপ্রিমকোর্ট দেখিতে পান যে, দুই মামলার বিচার্য বিষয় প্রত্যক্ষ এবং মূলতঃ এক না হওয়ায় রেসজুডিকাটা দ্বারা বারিত নয় [AIR 2010 (SC) 3835]। যেক্ষেত্রে পূর্ববর্তী বাটোয়ারা মামলায় বাদীকে সাহাম দেওয়া হয় নাই, সেক্ষেত্রে পরবর্তী বাটোয়ারা মামলা রেসজুডিকাটা দ্বারা বারিত নয় [15 MLR 382, 197]। কর বিষয়ক মামলায় এক বৎসরের কর নির্ধারণ পরবর্তী বৎসরের জন্য রেসজুডিকাটা হইবে না, তবে আদালত অতীতের নজির মতবাদ হিসাবে উহা গ্রহণ করিতে পারেন [AIR 2006 (SC) 2812]।

পক্ষগণের মধ্যে বিচার্য বিষয় হইতে হইলে উহা একপক্ষ কর্তৃক দাবি করিতে হইবে এবং অন্যপক্ষ কর্তৃক অস্বীকার করিতে হইবে। যদি বিষয়টি প্রত্যক্ষ ও মূলতঃ বিচার্য বিষয় হিসাবে পূর্ব মামলায় গণ্য করা হইয়া থাকে যদিও যথাযথভাবে উত্থাপন করা হয় নাই। পূর্ব মামলার সিদ্ধান্ত রেসজুডিকাটা হিসাবে কার্যকর হয় [19 DLR 494]। ঘটনার সঙ্গে সম্পর্ক নাই এমন বিশুদ্ধ আইনের প্রশ্ন যাহা অধিকার সৃষ্টি করে তাহাকে বিচার্য বিষয় বলা যাইবে না [AIR 1971 (SC) 2355]। যেক্ষেত্রে বিচার্য বিষয়টি বিতর্কে ছিল না এবং উহা নিয়া কোন সিদ্ধান্তও দেওয়া হয় নাই, সেক্ষেত্রে রেস জুডিকাটা হইবে না [57 DLR (AD) 51]।

যেক্ষেত্রে বহু বিচার্য বিষয় থাকে প্রত্যেকটির উপর সিদ্ধান্ত রেসজুডিকাটা হিসাবে কার্যকর। তবে কোন বিচার্য বিষয়ের উপর সিদ্ধান্ত যদি ডিক্রিকে সমর্থন না করে তাহা হইলে উহা রেসজুডিকাটা হইবে না [5 DLR

289 contra 40 DLR (AD) 56]। যদি বিরুদ্ধ সিদ্ধান্ত প্রকৃতপক্ষে মামলার সিদ্ধান্ত হয় এবং ডিক্রির মূল অংশ হিসাবে গণ্য হয় উহা রেসজুডিকেটা হইবে [40 DLR (AD) 56]। রেসজুডিকাটার নীতিটি তখনই চালু হয় যখন কোন রায় ও আদেশ দ্বারা কোন নির্দিষ্ট বিচার্য বিষয়ের উপর সিদ্ধান্ত উহাতে অন্তর্নিহিত (implicit) হয় [AIR 2010 (SC) 818)।

দাম্পত্য অধিকার পুনরুদ্ধারের মোকদ্দমায় উত্থাপিত বিচার্য বিষয় বিচ্ছেদের মোকদ্দমায় রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহৃত হইতে পারে [AIR 1972 All 52; 25 DLR 21]।

ঋণদাতার অনুকূলে অর্থঋণ আদালতের কোন সিদ্ধান্ত কোন দেউলিয়াত্ব কার্যক্রমে রেস্-জুডিকাটা হয় না; যেহেতু এই দুই কার্যক্রমের বিচার্য বিষয়াদি এক নহে [52 DLR 138]।

যেইক্ষেত্রে পূর্ববর্তী স্বত্ব ঘোষণার মোকদ্দমা প্রমাণ করিবার ব্যর্থতার কারণে খারিজ হইয়াছিল, সেইক্ষেত্রে বাদীর একই সম্পত্তির দখল উদ্ধারের এবং স্বত্ব ঘোষণার পরবর্তী মোকদ্দমা ১১ ধারা অনুযায়ী বারিত হয় [42 DLR (AD) 57]। যেক্ষেত্রে স্বত্বের উৎস সম্পর্কে পূর্বের মামলায় সিদ্ধান্ত হয় সেক্ষেত্রে আপীলকারীর পাল্টা দাবি রেসজুডিকেটা দ্বারা বারিত [AIR 2016 NOC 579 SK]।

বিচার্য বিষয়বিহীন কোন সিদ্ধান্ত রেস্-জুডিকাটা হয় না [AIR 1941 Cal 449]। যেই বিচার্য বিষয় উত্থাপিত হয় কিন্তু সিদ্ধান্তকৃত হয় নাই, সেই বিষয় রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহৃত হয় না [AIR 1958 Ori 139]।

যখন দুই কার্যক্রমের বিষয়বস্তু সম্পূর্ণরূপে ভিন্ন হয় তখন রেস্-জুডিকাটার প্রশ্ন উঠিতে পারে না [AIR 1990 SC 185; AIR 2016 SC 564]। যেইক্ষেত্রে কতিপয় বিচার্য বিষয় থাকে, সেইক্ষেত্রে প্রত্যেকটির সিদ্ধান্ত রেস্-জুডিকাটা হয়। কিন্তু যদি কোন বিচার্য বিষয়ের কোন সিদ্ধান্ত চূড়ান্ত ডিক্রিকে সমর্থন না করে, তাহা হইলে, ইহা রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহৃত হয় না [73 CLJ 475; 5 DLR 285; Contra 40 DLR (AD) 56]।

যদি বাদীর মোকদ্দমা সম্পূর্ণরূপে খারিজ হইয়া যায়, তাহা হইলে বিবাদীর বিরুদ্ধে সিদ্ধান্তকৃত কোন বিচার্য বিষয় রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহৃত হইতে পারে না [ILR 11 Cal 301 (PC); AIR 1924 Mad 469]।

কোন সফল পক্ষের বিরুদ্ধে কোন বিরূপ সিদ্ধান্ত একই পক্ষদের মধ্যে পরবর্তী মোকদ্দমায় রেস্-জুডিকাটা হয় না [10 DLR 277; AIR 1926 Cal 672; AIR 1932 Mad 207]।

৬। বিচার্য বিষয়াদি (Issues) ঃ বিচার্য বিষয় তিন প্রকারের যথা- (১) ঘটনাগত বিচার্য বিষয়; (২) আইনগত বিচার্য বিষয়; এবং (৩) ঘটনা ও আইন মিশ্রিত বিচার্য বিষয়। আইন ও বিচার মিশ্রিত বিচার্য বিষয় রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহৃত হয় [AIR 1971 (SC) 2355]।

৬(১)। ঘটনা প্রসূত বিচার্য বিষয় ঃ ঘটনার উপর বিচার্য বিষয় যত ভ্রান্তই হউক না কেন উহাতে রেসজুডিকাটা প্রযোজ্য হয় [AIR 1984 (SC) 1696]। তবে যেখানে সিদ্ধান্তটি আইনের অর্থাৎ আইনের ব্যাখ্যা, একই পক্ষ ও একই কার্যকারণে পরবর্তী মামলাটি রেসজুডিকাটা হইবে। তবে প্রশ্নটি বিশুদ্ধ আইনের এবং ইহা আদালতের এখতিয়ার বা আদালত কর্তৃক কোন বেআইনী মঞ্জুরী প্রদান সংক্রান্ত হইলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি উহা চ্যালেঞ্জ করিতে পারিবেন। কারণ কোন কার্যক্রমের বিধান দেশের আইনকে বাতিল করিতে পারে না [AIR 1971 (SC) 2355 contra AIR 1979 (SC) 1911]। একই ঘটনার ভিত্তিতে নতুন কার্যধারা রেসজুডিকেটা দ্বারা বারিত [AIR 2016 NOC 209 Raj]।

৬(২)। আইন প্রসূত বিচার্য বিষয় (Issue of Law) ঃ আইনের উপর সিদ্ধান্ত যত ভ্রান্তই হউক না কেন যেহেতু উহা পূর্ববর্তী মোকদ্দমায় প্রত্যক্ষ এবং মূলতঃ বিচার্য বিষয় ছিল, সূতরাং একই পক্ষদের মধ্যে

পরবর্তী মোকদ্দমায় উহা প্রাকসিদ্ধান্ত দোষে বারিত হইবে [AIR 1937 (Mad) 254]। ইহার অর্থ হইতেছে এই যে, আইনের ভ্রান্ত ধারায় কোন বিশেষ মামলায় কোন বিশেষ সম্পত্তি সম্পর্কিত স্বত্বের সিদ্ধান্ত পুনরায় উত্থাপন করা যাইতে পারে না। বিশেষ কার্যকরণের ক্ষেত্রে পক্ষদের মধ্যে একই কারণে উদ্ভুত মোকদ্দমায় অধিকার সম্পর্কিত সিদ্ধান্তের পুনরুত্থাপন চিরতরে স্তব্ধ হইয়া যায়। ইহার কারণ মোকদ্দমায় অনুরূপ অধিকার হইতে বঞ্চিত অথবা সম্পর্কচ্যুত জটিল প্রশ্ন পক্ষদের নিকট গুরুত্বপূর্ণ অথবা মূল্যবান হইতে পারে না [AIR 1946 (Nag) 277]।

আইনের প্রশ্নে স্বীকৃতি রেসজুডিকাটা বা প্রাকসিদ্ধান্ত দোষ প্রাপ্ত হয় না। দেওয়ানী কার্যবিধির ২১ আদেশ ৬৬ বিধি মোতাবেক আবেদনে উত্থাপিত আপত্তি প্রাকসিদ্ধান্ত দোষে বারিত কিনা উহা আইনের প্রশ্ন। পক্ষ গ্রহণ করিয়াছে ধরিয়া নিলেও আইনের প্রশ্নে স্বীকৃতি ঐ পক্ষের উপর বাধ্যকর নহে এবং যে কোন ধাপে উহা ভ্রান্ত বলিয়া দর্শানো যাইতে পারে [AIR 1965 (Raj) 42]।

যে ক্ষেত্রে নিম্ন আদালতে এখতিয়ারের অভাব সম্পর্কিত প্রশ্ন উত্থাপিত হইয়া সিদ্ধান্ত হয় সেক্ষেত্রে উহা যত ভ্রান্ত সিদ্ধান্তই হউক না কেন, আপীল অথবা আইনসঙ্গত অন্য কার্যধারা কর্তৃক খারিজ না হইলে উহা পক্ষদের উপর বাধ্যকর এবং ইহার বিশুদ্ধতা কোন মোকদ্দমায় মোকাবিলা করা যাইতে পারে না [AIR 1937 (Lah) 649]।

৬(৩)। **আইন ও ঘটনা মিশ্রিত বিচার্য বিষয় ঃ** একই বিচার্য বিষয়ে আইনগত ও তথ্যগত প্রশ্ন জড়িত থাকিতে পারে [1990 (I) SCC 193]। কোন প্রশ্ন মীমংসার পূর্বে কোন ঘটনাবলীর অস্তিত্ব এবং উহাদের আইনগত প্রতিক্রিয়া উভয়ই উক্ত প্রশ্নে বিদ্যমান থাকিলে তখন উহা আইন এবং ঘটনা মিশ্রিত প্রশ্ন বলিয়া গণ্য হইবে। আইন ও ঘটনা মিশ্রিত বিচার্য বিষয়ের সিদ্ধান্ত ঘটনা প্রসূত বিচার্য বিষয়ের ন্যায় "প্রাকসিদ্ধান্ত বাধা" বলিয়া গণ্য হইবে [AIR 1946 (Nag) 277; AIR 1990 (Ker) 88]। কোন বিচার্য বিষয় প্রাকসিদ্ধান্ত বারিত কিনা, কোন দলিল রোয়েদাদ কিনা, কোন ডিক্রী জারিযোগ্য কিনা ইত্যাদি আইন এবং ঘটনা মিশ্রিত বিচার্য বিষয় [AIR 1930 (Pat) 585]।

গঠনমূলক প্রাকসিদ্ধান্ত নীতি জনস্বার্থে রুজুকৃত মামলার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে [AIR 1997 (Bom) 79]।

দলবদ্ধভাবে পৌরসভার প্রবর্ধিত করের বিরুদ্ধে রিট দাখিল করিলে হাইকোর্ট ইহা খারিজ করে। অতঃপর অপর একদল লোক দেওয়ানী আদালতে একই অজুহাতে মামলা করেন। রিট মামলায় বিচার্য বিষয় নিষ্পত্তি হয় নাই। তাই পরবর্তী দেওয়ানী মামলায় উহা "প্রাকসিদ্ধান্ত বাধা" গণ্য হইবে না [AIR 1997 (Kant) 70]।

ভোক্তা সুরক্ষা আইন (Consumer Protection Act) প্রদত্ত সিদ্ধান্ত পরবর্তীকালে দেওয়ানী মামলায় প্রাকসিদ্ধান্ত বলিয়া গণ্য হইবে না [AIR 1997 (Ori) 65]।

মামলা রিমান্ডে প্রেরিত হইলে, পরবর্তী সিদ্ধান্ত প্রাকসিদ্ধান্ত বাধা বলিয়া গণ্য হইবে। কিন্তু পূর্ববর্তী সিদ্ধান্ত ভ্রান্ত হইলে তাহা প্রাকসিদ্ধান্ত গণ্য করা যায় না [1996 (6) SCC 424]।

যদি বিষয়টি পূর্ববর্তী মোকদ্দমায় বিচার্য না হয় তবে পরবর্তী মোকদ্দমায় উহাতে প্রাকসিদ্ধান্ত দোষের প্রশ্নই উঠে না [AIR 1953 (SC) 153]। পূর্ববর্তী বণ্টনের মামলা রুজুর পর দখলকার শরীকদারের প্রাপ্ত আয়ের ওয়াশীলাতের জন্য ভিন্ন মোকদ্দমা আইনতঃ অচল নহে, এবং বণ্টনের মামলায় ওয়াশীলাতের দাবি না করায় এইরূপ মোকদ্দমাকে ২ আদেশ ২ বিধি এবং ১১ ধারায় বারিত করে না [AIR 1963 (Mad) 402]।

৭। **পূর্ববর্তী মোকদ্দমা ঃ** "পূর্ববর্তী মোকদ্দমা" বলিতে পূর্বে সিদ্ধান্তকৃত মোকদ্দমা বুঝায়। যদিও বস্তুতঃ পক্ষে পরবর্তীকালে রুজু হইয়াছে তথাপি পূর্ববর্তী মোকদ্দমার অর্থ হইতেছে যে উহা সিদ্ধান্ত প্রাপ্ত

হইয়াছে [AIR 1964 (Kant) 244]। মোট কথায় পূর্বে সিদ্ধান্তপ্রাপ্ত মোকদ্দমাই পূর্ববর্তী মোকদ্দমা পদবাচ্য। এই নিয়ম আপীলের ক্ষেত্রেও প্রযোজ্য [AIR 1946 (Mad) 509]। অন্য মোকদ্দমার আপীল অথবা রিভিশন বিচারাধীন থাকার প্রাক্কালে প্রদত্ত চূড়ান্ত সিদ্ধান্ত বিচারাধীন আপীল অথবা রিভিশনের বিচার্য বিষয়ে প্রাকসিদ্ধান্ত দোষ কার্যকরী হইবে [AIR 1940 (All) 171]। এই ধারা প্রয়োগের নিমিত্ত দুইটি মোকদ্দমা বা কার্যধারায় একান্ত প্রয়োজন। প্রাকসিদ্ধান্ত দোষের সাধারণ নীতিতে যদিও একই বিষয়ে আদেশসমূহ সকল পরবর্তী পর্যায়ে বাধ্যকর, একই কার্যধারায় বিভিন্ন পর্যায়ে প্রদত্ত আদেশের উপর এই ধারায় কোন প্রয়োগ নাই [AIR 1943 (Cal) 1]। প্রাকসিদ্ধান্ত দোষের নীতি একত্রীভূত মোকদ্দমায় প্রযোজ্য হইতে পারে না। যখন পক্ষদের সম্মতিতে অথবা আদালতের আদেশে দুইটি মোকদ্দমা একত্রীভূত করা হয় বা হামখেলাপে বিচার হয় তখন তাহাদের স্বাতন্ত্রতা থাকে না এবং ঐ একত্রীভূত মোকদ্দমার যে কোন একটি মোকদ্দমার সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল দায়ের হইলে ঐ সিদ্ধান্ত প্রাকসিদ্ধান্ত দুষ্ট হয় না। ইহার কারণ একই সময়ে স্বতন্ত্র সিদ্ধান্ত হইতে পারে না [1995 AIR 3522 (Ker)]।

৮। **ধারার অর্থে মোকদ্দমা ঃ** ১১ ধারায় "মোকদ্দমা" শব্দের অর্থ হইতেছে, প্রথমতঃ আদালতে রুজুকৃত কার্যধারাসমূহ। আপীল আদালতের কার্যধারা হইতে ইহা স্বতন্ত্র। অবশ্য প্রাকসিদ্ধান্ত দোষের সাধারণ নীতি আপীল কার্যধারায়ও প্রযোজ্য [AIR 1927 (Lah) 289]। মোকদ্দমা অর্থ বৈধ মোকদ্দমা। মৃত ব্যক্তির বিরুদ্ধে মোকদ্দমা বৈধ মোকদ্দমা নয় এবং ১১ ধারায় উহাকে মোকদ্দমা বলা যায় না। আর্থিক এবং স্থানীয় এখতিয়ারযুক্ত আদালতে বিচার এবং চূড়ান্ত সিদ্ধান্তপ্রাপ্ত মোকদ্দমার রায় পক্ষদের উপর বাধ্যকর হইবে [AIR 1984 (Pat) 316। ভবিষ্যতে প্রথম মোকদ্দমার বিষয়বস্তুর মূল্যবৃদ্ধি এবং সম্পত্তির উচ্চ মূল্য নির্ধারণ করিয়া উচ্চতর আদালতে মোকদ্দমা দায়ের, একই স্বত্ত্বধিকারে মামলাকারী একই পক্ষদের মধ্যে পূর্ববর্তী মোকদ্দমায় প্রদত্ত সিদ্ধান্তের কোন প্রতিক্রিয়া সৃষ্টি করে না [AIR 1992 (Mad) 280]।

৯। **যখন পূর্ববর্তী আদালতের কোন এখতিয়ার থাকে না ঃ** রায় প্রদানের অযোগ্য আদালত কর্তৃক প্রদত্ত কোন রায় রেস্-জুডিকাটা হিসাবে প্রযোজ্য হইতে পারে না [AIR 1958 Bom 30]। আদালতের যোগ্যতার প্রশ্ন নিষ্পত্তির সময়ের প্রাসঙ্গিক বিষয় হইল ঐ তারিখ যখন পূর্ববর্তী মোকদ্দমাটা দায়ের করা হইযাছিল এবং ঐ তারিখ নহে; যখন পরবর্তী মোকদ্দমাটা করা হয় [AIR 1954 (SC) 9; AIR 1971 (SC) 2228]।

পরবর্তী মোকদ্দমা বিচার করিবার যোগ্যতা ঐ সময়ের যোগ্যতাকে নির্দেশ করে যখন প্রথম মোকদ্দমাটি দায়ের করা হইয়াছিল [AIR 1942 Nag 119]। বিষয়বস্তু যখন চূড়ান্তভাবে নির্ধারিত হয়, মূল্য বৃদ্ধির কারণে মামলাটি উচ্চ আদালতে বিচার্য এই কারণে রেসজুডিকাটা প্রয়োগ করা হইবে না [13 DLR 89]।

১০। **শুনানী এবং চূড়ান্তভাবে সিদ্ধান্তকৃত ঃ** পূর্ববর্তী মোকদ্দমার কোন সিদ্ধান্তের রেস্-জুডিকাটা গঠনের আগে ইহা অবশ্যই শুনানী হইতে হইবে এবং চূড়ান্তভাবে সিদ্ধান্তকৃত হইবে [ILR 24 Cal 616 (PC); (2002) 3 SCC 258; 56 DLR 530]।

বিচার্য বিষয় হইলেও কোন বিষয় প্রকৃতপক্ষে বা গঠনমূলকভাবে শুনানী করা এবং সিদ্ধান্ত গ্রহণ না করা হইলে, সেই বিষয় পরবর্তী কার্যক্রমের উদ্দেশ্যে রেস্-জুডিকাটা হইতে পারে না [43 DLR 644; 52 DLR 434]।

যেইক্ষেত্রে কোন বিষয় নিম্ন আদালত কর্তৃক নিষ্পত্তি করা হইয়াছিল, কিন্তু আপীল আদালত উহা নিষ্পত্তি না করিয়া ফেলিয়া রাখে, সেইক্ষেত্রে ফলাফল একই হইবে [1985 SCMR 464; 56 DLR 530]। ধারার প্রয়োজনীয়তা হইল যে একটা চূড়ান্ত সিদ্ধান্ত অবশ্যই থাকিবে যাহাতে আদালত উহার বিচারিক মন প্রয়োগ করিয়াছেন [AIR 1976 SC 688]।

পূর্ববর্তী মোকদ্দমার সিদ্ধান্তের বিরুদ্ধে কোন আপীল যদি বিচারাধীন থাকে, তাহা হইলে, সিদ্ধান্তটা রেস্-জুডিকাটা হইতে পারে না [AIR 1931 PC 263; AIR 1982 Bom 437]।

যখন গুণাগুণের উপর কোন ডিক্রির বিরুদ্ধে আপীল করা হয় তখন উহার চূড়ান্ত মর্যাদা নষ্ট হয়, এরূপ আপীল আদালতের ডিক্রি রেসজুডিকাটা হইবে [AIR 1966 (SC) 1332]। যখন গুণাগুণের উপর বিচারিক আদালত সিদ্ধান্ত দেন এবং আপীল আদালত তামাদি ইত্যাদি প্রাথমিক হেতুতে আপীল খারিজ করেন, সেক্ষেত্রে রেসজুডিকাটা প্রযোজ্য হইবে কারণ আপীলটি শুনানী ও চূড়ান্ত সিদ্ধান্ত হইয়াছে [AIR 1971 (SC) 664]। ডিক্রির এক অংশের জন্য আপীল করিলে বাকি সম্পত্তির জন্য উহা চূড়ান্ত হয় [AIR 1971 (SC) 2070]।

কোন চূড়ান্ত সিদ্ধান্ত, চাই ইহা সঠিক বা ভুল হউক, রেস্-জুডিকাটা হিসাবে প্রযোজ্য হয়, এমনকি যদিও কোন ডিক্রি প্রণীত না হয় [AIR 1963 Bom 263]। রেস জুডিকেটা প্রযোজ্য হওয়ার জন্য রায় সঠিক কিনা তাহা প্রাসঙ্গিক নহে। উহা প্রতারণামূলক কিনা উহাই ব্যতিক্রম [AIR 2014 SC 1201; see also AIR 2016 NOC 529 Pat]। যেক্ষেত্রে বিবাদি বিচারিক আদালতের সিদ্ধান্তের বিষয় আপীল করে নাই সেক্ষেত্রে উহা মানিয়া লইয়াছে মর্মে রেসজুডিকেটা প্রযোজ্য হইবে [AIR 2014 Kar 58]; Res judicata pro veritate accipitur" এই মতবাদের অর্থ হইল রায়ের চুড়ান্ততা উহা সঠিক হউক আর না হউক [AIR 2015 SC 460]। যেক্ষেত্রে রায় চুড়ান্ত, উহা অন্য ক্ষেত্রে সংশোধিত হইলেও চুড়ান্ত হিসাবে রেসজুডিকেটা হইবে [AIR 2015 SC 460]। খারিজ হওয়া কোন মামলায় বিরূপ সিদ্ধান্ত রেসজুডিকেটা হইবে না [AIR 2016 NUC 533 Guj।

যেই বিষয়টা বিচারিকভাবে নিষ্পত্তি করা হয় না; কিন্তু স্বীকৃতির ভিত্তিতে সিদ্ধান্তকৃত হয়, সেই বিষয়টা রেস্-জুডিকাটা হিসাবে প্রযোজ্য হইবে না এবং যে কোন পক্ষ প্রমাণ করিতে পারিবে যে, স্বীকৃতিটা কোন ভুল ধারণার প্রতিষ্ঠিত ছিল [17 DLR (SC) 126]।

কোন বিষয় শুনানী ও চুড়ান্ত সিদ্ধান্ত হইয়াছে বলিতে হইলে, পূর্বের মামলার সিদ্ধান্ত অবশ্যই মামলার গুণাগুণের উপর হইতে হইবে [16 DLR 157, AIR 1966 (SC) 1332]। যদি পূর্বের মামলা বাদীর হাজিরাগত ত্রুটি বা অন্য কোন টেকনিক্যাল হেতুতে খারিজ হয়, সেক্ষেত্রে গুণাগুণের ভিত্তিতে সিদ্ধান্ত না হওয়ায় উহা রেসজুডিকাটা হইবে না [AIR 1989 (SC) 2240; AIR 2016 Mad 114; AIR 2016 Chh 168]।

মামলার দুই পর্যায়েও রেসজুডিকেটা নীতি প্রযোজ্য হয়। পূর্বের মামলা অবশ্যই গুণাগুণের ভিত্তিতে নিষ্পত্তি হইতে হইবে। যেক্ষেত্রে বিবাদি প্রথম অনুমতির আবেদনে বিরোধিতা করিবে না মর্মে জানায়। এমতাবস্থায় গুণাগুণের ভিত্তিতে প্রথম আবেদন নিষ্পত্তি হইয়াছে বলা যাইবে না। এমতাবস্থায় দ্বিতীয় দরখাস্ত রেসজুডিকেটা হইবে না [AIR 2014 SC 544]। যেক্ষেত্রে সরকার প্রজেক্ট বন্ধ করিয়া দিয়াছে এই দাবির ভিত্তিতে হাইকোর্ট আপীল খারিজ করে। আপীল কার্যধারার চলমানতা বিধায় গুণাগুণের ভিত্তিতে চুড়ান্ত নিষ্পত্তি করা হইয়াছে বলা যাইবে না [AIR 2014 NOC 596 (SC)]। যেক্ষেত্রে রোয়েদাদের জারি যোগ্যতা একবার মঞ্জুর হয় সে ক্ষেত্রে পরবর্তী মামলায় উহা আর চ্যালেঞ্জ করা যাইবে না [AIR 2016 NOC 690 Cal]।

১১। **ব্যাখ্যা-৫ ঃ** ব্যাখ্যাটি নির্দেশ করে যে, যদি কোন মোকদ্দমায় কোন প্রতিকার দাবি করা হয়, কিন্তু ডিক্রিতে সরাসরিভাবে মঞ্জুর করা না হয়, তাহা হইলে, ইহা অস্বীকার করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে [42 DLR (AD) 294] এবং যেই বিষয় সম্পর্কে প্রতিকার দাবি করা হয়, সেই বিষয়টি রেস্-জুডিকাটা হইবে [AIR 1998 P and H 202]।

যেইক্ষেত্রে কোন রীট পিটিশনে এই মর্মে ঘোষণা প্রার্থনা করা হইয়াছিল যে, বিক্রয় দলিল বাতিল ছিল, কিন্তু আদালত বিক্রয় দলিলের ব্যাপারে কোন রুল ইস্যু করে নাই, সেইক্ষেত্রে দাবিকৃত প্রতিকারটি অস্বীকার

করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে [7 BLC (AD) 114]। কিন্তু যখন প্রতিকারটি রায়ের মধ্যে অনুমোদন করা হইয়াছিল, কিন্তু ডিক্রিতে লিপিবদ্ধ করা হয় নাই, তখন ব্যাখ্যা-৫ প্রযোজ্য হইবে না, যেহেতু প্রতিকারটি অস্বীকার করা হইয়াছে বলিয়া গণ্য করা যায় না [15 DLR (SC) 172; 1990 BLD (AD) 74]। যেক্ষেত্রে আবেদন খারিজের বৈধতা পূর্বের রীট মামলায় বিবেচনা করা হয় নাই সেই ক্ষেত্রে ঐ রায় গুণাগুণের ভিত্তিতে নয় বিধায় পরবর্তী রীটে রেসজুডিকেটা হইবে না [AIR 2016 NOC 618 Kar]।

১২। রেস্-জুডিকাটার প্রশ্নে সিদ্ধান্ত ঃ রেস্-জুডিকাটার প্রশ্ন আরজির পঠন হইতে নিষ্পত্তি করা যায় না; এবং বিচারকালে সিদ্ধান্তকৃত হওয়া উচিত [2000 BLD (AD) 82; 1993 BLD (AD) 217]।

১৩। রেসজুডিকাটা এবং বাধ্যতামূলক নজীর ঃ একই পক্ষদের মধ্যে কোন মামলায় আইনগত বা ঘটনাগত সিদ্ধান্ত পক্ষগণের উপর বাধ্যতামূলক এবং ইহা একই পক্ষদের মধ্যে পরবর্তী মোকদ্দমায় রেস জুডিকাটা হইবে। এইরূপ সিদ্ধান্ত এমন ব্যক্তির বিরুদ্ধে রেস্ জুডিকাটা নহে, যেই ব্যক্তি পূর্ববর্তী মোকদ্দমায় পক্ষ ছিল না। কিন্তু পূর্ববর্তী মোকদ্দমায় আইনগত প্রশ্ন সুপ্রিম কোর্টের আইনগত উক্তি এমন ব্যক্তির বিরুদ্ধে পরবর্তী মোকদ্দমায় বাধ্যতামূলক নজীর হিসাবে ব্যবহার করা যাইতে পারে, যেই ব্যক্তি বাধ্যতামূলক নজির মতবাদের ভিত্তিতে পূর্ববর্তী মোকদ্দমায় পক্ষ ছিল না [AIR 1979 (SC) 1384]।

বাদি প্রথম উচ্ছেদ মামলা সহ মালিক হিসাবে দায়ের করে যাহা খারিজ হয়। তৎপর পূর্ণ মালিক হওয়ার পর আবার উচ্ছেদের নোটিশ দেয় ও মামলা করে উভয় মামলায় একই ইস্যু না হওয়ায় রেসজুডিকেটা দ্বারা বারিত নয় [AIR 2016 Cal 6]।

ভাড়াটিয়া কর্তৃক মালিকের বিরুদ্ধে নিষেধাজ্ঞার মামলায় আদালত সিদ্ধান্ত দেন যে, মালিক বিবাদি মালিক নহে। উক্ত মালিকের পরবর্তী উচ্ছেদের মামলা রেসজুডিকেটা দ্বারা বারিত [AIR 2015 NUC 1014 Del]। দুই মামলার কার্যকারণ ভিন্ন হইলে রেসজুডিকেটা প্রযোজ্য হইবে না [AIR 2015 NOC 1281 Del]।

১৪। ধারাটি স্বয়ং-সম্পূর্ণ কিনা ঃ এই ধারাটি সম্পূর্ণ নহে এবং যেই নীতিটা ধারাটিকে পরিচালনা করে, সেই নীতিটা এমন মামলা পর্যন্ত প্রলম্বিত করা যাইতে পারে, যেই মামলাগুলি ধারাটির আওতায় কঠোরভাবে পড়ে না [10 DLR 474; 27 DLR 541; AIR 1930 PC 22; AIR 1921 PC 11; AIR 1953 SC 33]।

যখন res judicata সাধারণ নীতিমালার উপর নির্ভরশীল হয়, তখন ইহা প্রতিষ্ঠা করা প্রয়োজনীয় নহে যে, পরবর্তী মোকদ্দমা বিচার করিবার ইহার এখতিয়ার ছিল [AIR 1953 SC 33]।

কিন্তু যেইক্ষেত্রে কার্যক্রমগুলি মোকদ্দমা হয়, সেইক্ষেত্রে ১১ ধারার বিধান সম্পূর্ণ হয় [AIR 1962 SC 633; PLD 1962 Lah 106; 10 DLR 474]।

যেইক্ষেত্রে কোন আদালত কর্তৃক প্রদত্ত কোন সিদ্ধান্ত ১১ ধারানুসারে রেস্জুডিকাটা হিসাবে কার্যকর করা যায় না, যেহেতু পরবর্তী মোকদ্দমা বিচার করিবার আদালতের আর্থিক এখতিয়ার নাই, সেইক্ষেত্রে ইহা সাধারণ নীতিমালার ভিত্তিতে রেস্জুডিকাটা হিসাবে ব্যবহৃত হইতে পারে না [25 DLR 21]।

১৫। আদালতের এখতিয়ার ও স্বত্ব ত্যাগ (waiver) ঃ যদি বিবাদী ওজরটি (রেস-জুডিকাটা) বাদ দেয় অর্থাৎ পেশ না করে এবং আদালত সিদ্ধান্ত প্রদান করে, তাহা হইলে, ইহা এখতিয়ারের অভাবে বাতিল হয় না [AIR 1990 Ker 132]।

আদালতকে অন্য বিষয়ের মত বিচার্য বিষয় নিষ্পত্তি করিতে হইবে এবং অতঃপর বিচার্য বিষয়ের সিদ্ধান্ত রেস-জুডিকাটা দ্বারা বারিত কিনা সেই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করিবে [AIR 1971 Cal 512]।

আদালত এই কারণে রেস্ জুডিকাটার প্রশ্নে যাইতে অস্বীকার করিতে পারে যে, ইহা যথাযথভাবে প্লিডিং-এ পেশ করা হয় নাই, অথবা বিচার্য বিষয়াদির মধ্যে দাখিল করা হয় নাই [AIR 1971 Cal 512]।

কিন্তু যখন ওজরটি (রেস-জুডিকাটা) প্লিডিং সংশোধনের দ্বারা গ্রহণ করা হয় এবং অপর পক্ষ ইহার জবাব দিয়া থাকে, তখন মূল প্লিডিং-এ ওজরটির অনুপস্থিতি প্রাসঙ্গিক নহে [AIR 1982 All 138]।

কোন পক্ষ রেস্‌জুডিকাটার ওজরটি পরিত্যাগ করিতে পারে [AIR 1948 PC 3; AIR 1991 SC 884]। কোন পক্ষ যদি রেস্‌জুডিকাটার বিষয়টি পেশ না করে, তাহা হইলে, ইহা পরিত্যাগ করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে [AIR 1968 punj 529; AIR 1973 HP 22]।

কোন পক্ষ রেস্-জুডিকাটার বিষয়টি ছাড়িয়া দিয়াছে বলিয়া বিবেচনা করা যায় না, যখন ওজরটি (রেস্-জুডিকাটার বিষয়) নিরুপনের সকল বিচার্য বিষয় এবং প্রমাণ (দলিল) আদালতে দাখিল করা হয় এবং পক্ষগুলো পূর্ববর্তী মোকদ্দমা স্বীকার করে যখনই শর্তাদি পূরণ করা হয়, এমনকি যেই পক্ষ নিম্ন আদালতে ওজরটি পরিত্যাগ করিয়াছে তখন সেইপক্ষ আপীল পর্যায়ে ইহা পুনরায় চালু করিতে পারিবে [AIR 1978 Pat 235]।

এমনকি বিচারিক আদালতে প্রেস করা না হইলেও, উচ্চতর আদালত বিষয়টি (রেস্-জুডিকাটার ওপর) অনুমোদন করিতে পারিবে [AIR 1949 PC 302]।

১৬। যোগসাজস বা প্রতারণার দ্বারা অর্জিত পূর্ব সিদ্ধান্ত ঃ ধারাটি বাধ্যতামূলক এবং যখনই শর্তাদি পরিপূর্ণ হয়, তখন রেস্-জুডিকাটা প্রযোজ্য হইবে এবং কোন উকিল প্রদত্ত ছাড় পক্ষকে বাধ্য করিবে [AIR 1937 PC 1]।

যদি কোন পক্ষ যোগসাজস বা প্রতারণা অনুশীলনের মাধ্যমে আদালত হইতে কোন ডিক্রি অর্জন করে, তাহা হইলে, তাহাকে বলিতে দেওয়া যায় না যে, বিষয়টি রেস্‌জুডিকাটা এবং পুনরায় শুরু করা যায় না। এমন কোন মামলায় রেস্-জুডিকাটার প্রশ্ন থাকিতে পারে না, যেই মামলায় যোগসাজস বা প্রতারণার আলামত সমূহ রেকর্ডীয় বিষয়াদি হইতে সহজে প্রকাশমান বা প্রতিভাত হয় [AIR 1995 SC 1205]।

বাদীর সহিত কতিপয় বিবাদীদের কোন একজনের যোগসাজস নীতিটির প্রয়োগ এড়ানোর জন্য পর্যাপ্ত নহে [AIR 1950 All 488]। কোন যোগসাজসী মামলার রায় রেসজুডিকাটা হয় না, বিশেষ করিয়া যখন দ্বিতীয় মামলার বিবাদী প্রথম মামলার পক্ষ ছিল না [AIR 1997 (SC) 1333]।

নীতিটা (estoppel) বা res judicata হিসাবে প্রযোজ্য হইবে না, যখন প্রথম মোকদ্দমার ডিক্রি এখতিয়ারবিহীন [ILR 38 Cal 689; AIR 1969 MP 35; AIR 1970 All 544]।

১৭। পূর্ববর্তী মোকদ্দমার ভুল সিদ্ধান্ত ঃ পূর্ববর্তী সিদ্ধান্ত ভুল ছিল এই কারণে ১১ ধারার প্রয়োগ এড়ান যাইবে না। পূর্ববর্তী সিদ্ধান্তের দ্বারা বা অন্য কিছু ধারায় প্রয়োগের উপর প্রভাব ফেলিবে না [60 DLR 325, AIR 1997 SC 808]। পূর্ববর্তী মোকদ্দমায় বিচারিক বা প্রায়-বিচারিক কর্তৃপক্ষ কর্তৃক কৃত আইনগত ভুল পরবর্তী মোকদ্দমায় রেস্-জুডিকাটা হিসাবে প্রয়োগ হইবে কিনা সেই প্রশ্নের ব্যাপারে সিদ্ধান্ত হয় যে, যদি আইনগত প্রশ্নটি মামলার ঘটনার বিচার্য বিষয়ের সহিত সংশ্লিষ্ট হয়, তাহা হইলে, উক্ত আইনগত প্রশ্নে ভ্রান্ত সিদ্ধান্ত পরবর্তী কার্যক্রমে বা মোকদ্দমায় পক্ষদের মধ্যে রেস-জুডিকাটা হিসাবে ব্যবহার করা যাইতে পারে, যদি নালিশের কারণ একই হয় [AIR 1990 SC 334; AIR 1971 SC 2355; AIR 1990 Ker 88]।

পূর্বের মামলায় আইনের ভুল সিদ্ধান্ত পরবর্তী মামলায় সঠিক সিদ্ধান্ত প্রদানে কোন নীতিই আদালতের জন্য বাধা হইবে না। সে কারণে রেসজুডিকেটার নীতি প্রযোজ্য হইবে না [AIR 2016 SC 2231]।

কিন্তু যেই বিচার্য বিষয় অধিকারের জন্ম দেয়, ঘটনার সহিত সংশ্লিষ্ট নহে এমন বিমূর্ত আইনগত মৌলিক প্রশ্নে কোন সিদ্ধান্ত রেস্-জুডিকাটা হিসাবে ব্যবহৃত হইতে পারে না [AIR 1990 SC 334; AIR 1971 SC 2355]। আদালতের এখতিয়ার কার্যবিধি বা পক্ষগণের অধিকারের সঙ্গে সম্পর্কহীন আইনের প্রশ্ন পরবর্তী মামলায় রেসজুডিকাটা হয় না [AIR 1971 SC 2355]।

যেক্ষেত্রে কোন মামলার ঘটনার উপর আদালত কোন প্রশ্নের সিদ্ধান্ত নেন সেক্ষেত্রে পক্ষদের মধ্যে উহা রেসজুডিকাটা, হইবে যদিও পরবর্তীকালের ভিন্ন ব্যাখ্যা গ্রহণ করা হয় [AIR 1994 Guj 75]। যে রুলিং এর ভিত্তিতে সিদ্ধান্ত দেওয়া হয় উহা অতিদিষ্ট (over ruled) হইলেও রেসজুডিকাটা হইবে [32 DLR 196]। সরকারি নীতির বিরুদ্ধে কোন সিদ্ধান্ত দেওয়া হইলে রেসজুডিকাটা প্রযোজ্য হইবে না [AIR 1960 Mad 377]।

১৮। আইনের পরিবর্তন ঃ সিদ্ধান্তের পর আইনের পরিবর্তন হইলে রেসজুডিকাটা কার্যকর হইবে না [AIR 1970 SC 512]।

১৯। সাংঘর্ষিক ডিক্রি ঃ যেক্ষেত্রে দুইটি সাংঘর্ষিক ডিক্রি হয়, সর্বশেষ ডিক্রিটি বহাল থাকিবে এবং আইনের চোখে পূর্বের দেওয়া ডিক্রিটি মৃত বলিয়া গণ্য হইবে [AIR 1985 (Ker) 66]।

২০। যাহা রেস জুডিকাটা হিসাবে কার্যকর হয় ঃ কেবল বিচার্য বিষয় পূর্ববর্তী সিদ্ধান্ত রেস্‌জুডিকাটা হয় এবং সিদ্ধান্তের কারণ রেস্-জুডিকাটা নহে [17 DLR (SC) 545; PLD 1968 Dac 557; AIR 1971 SC 2335]।

রেস্‌জুডিকাটা হিসাবে কার্যকর হইতে হইলে উহা অবশ্যই একটা বিচারিক সিদ্ধান্ত হইবে [17 DLR (SC) 126]। আদালতের প্রশাসনিক আদেশ রেস্‌জুডিকাটা হিসাবে কার্যকর হইতে পারে না [13 DLR 571]।

এই বিধানটি আপীল এবং বাজে কার্যধারা হয় ও প্রযোজ্য আপীল অপেক্ষমান থাকাকালীন একই বিষয়ের উপর অন্য মামলা উপযুক্ত আদালত কর্তৃক চূড়ান্ত রায় হইলে রেসজুডিকাটা হইবে (AIR 1942 Mad 421)। কোন ইস্যু চূড়ান্তভাবে সিদ্ধান্ত হওয়ার পর রেসজুডিকাটা হইবে। কোন বিচার্য বিষয় চূড়ান্তভাবে সিদ্ধান্ত না নিয়া সংক্ষিপ্ত পদ্ধতিতে যখন কোন রিট খারিজ করা হয় তখন রেসজুডিকাটা হইবে না বা অন্য রিট বারিত হইবে [62 DLR 70; AIR 2011 SC 428]। তবে দরখাস্তকারীর পক্ষে আদালত বিবেচনা প্রয়োগ অপছন্দ করিবেন [AIR 2012 SC 3246]। প্রথম রিভিশন রক্ষণীয় নয় বিধায় খারিজের পর দ্বিতীয় রিভিশন দায়েরের ক্ষেত্রে একই অবস্থা হইবে [AIR 2007 SC 2414]।

যে মামলায় এখতিয়ারবিহীন আদেশ প্রদান করা হয় উহা coram non-judice কোন বিচারকের সম্মুখে নহে এবং আইনের চোখে বাতিল (non-est) বিধায় রেসজুডিকাটা হইবে না [AIR 2012 SC 1693]। আপীল অপেক্ষমান থাকিল কোন সিদ্ধান্ত রেসজুডিকাটা হইবে না। কেবলমাত্র আপীল দায়ের না করা হইলেই চূড়ান্ত সিদ্ধান্ত গণ্য হয় [AIR 1971 SC 2070]। এখতিয়ারের প্রশ্ন [AIR 2005 SC 1050] বা আইনের প্রশ্ন [AIR 2006 SC 1965] রেসজুডিকাটা হইবে না।

২১। অন্তর্বর্তীকালীন আদেশ ঃ রেসজুডিকাটার নীতিমালা কেবল পৃথক কার্যক্রমে নহে, বরং একই কার্যক্রমের পরবর্তী স্তরেও প্রয়োগ করা যায় [AIR 1977 SC 392; 42 DLR 416]। বিক্রয় রদের দরখাস্ত খারিজ করার পর আপীল দায়ের করা না হইলে একই প্রতিকারের জন্য দ্বিতীয় দরখাস্ত রেসজুডিকাটা দ্বারা বারিত [AIR 1987 SC 1443]। যেক্ষেত্রে আদালত সাক্ষ্য হিসাবে ব্যবহারের জন্য এফিডেভিট দাখিল করার জন্য নির্দেশ দেন, আদেশটি চ্যালেঞ্জ না করায় উহা চূড়ান্ত হয়, পরবর্তীকালে এফিডেভিট দাখিলের আদেশ চ্যালেঞ্জ করিয়া দরখাস্ত রেসজুডিকাটা নীতিতে বারিত [AIR 1995 Del 355]।

নিষেধাজ্ঞা ও রিসিভার নিয়োগের মত অন্তর্বর্তীকালীন আদেশ প্রদানের অবস্থান একই। অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাখ্যান করার পর পুনরায় একই কারণে আবেদন অচল। তবে পরবর্তী ঘটনাবলীর কারণে অবস্থার পরিবর্তন হওয়ায় নতুন দরখাস্ত রক্ষণীয় হইবে [AIR 1988 (Raj) 61]। অনুরূপভাবে পরিবর্তিত অবস্থায় রিসিভার নিয়োগের দ্বিতীয় দরখাস্ত রক্ষণীয় [AIR 2000 (Cal) 89]।

মামলা কেবলমাত্র মৃত ব্যক্তির ওয়ারিশদের বেলায় এ্যাবেট হইবে বিচারিক আদালতের এই অন্তর্বর্তীকালীন আদেশ চূড়ান্ত, দ্বিতীয় দরখাস্ত রেসজুডিকেটা দ্বারা বারিত [AIR 2014 Chh 93]।

২২। জারি কার্যক্রম ঃ রেস্‌জুডিকাটা জারি কার্যক্রমেও কার্যকর হইতে পারে [AIR 1949 PC 302; 9 DLR 399; AIR 1966 SC 1194]। পূর্ববর্তী জারি মামলায় নিষ্পত্তিকৃত যে কোন প্রশ্ন একই পক্ষদের মধ্যে একই ডিক্রি হইতে সৃষ্ট পরবর্তী জারি মামলায় রেস্‌জুডিকাটা হিসাবে কার্যকর হইবে [25 CWN 581 (PC); 10 DLR 227; 2 DLR 347]।

গুণাগুণের ভিত্তিতে খারিজ না হইলে দ্বিতীয় জারির দরখাস্ত রেসজুডিকেটা দ্বারা বারিত হইবে না [AIR 2014 All 125]। তবে যেক্ষেত্রে পিতার মামলা গুণাগুণের ভিত্তিতে চূড়ান্ত হয়, একই শিরোনামে পুত্র বাদির যৌথ দখলের মামলা রেসজুডিকেটা দ্বারা বারিত [AIR 2015 NOC 841 P&H]। পৌরসভার বিরুদ্ধে স্বত্বের মামলায় স্বত্ব প্রতিষ্ঠিত না হওয়ায় পরবর্তী নিষেধাজ্ঞার মামলা বারিত [AIR 2015 NOC 803 Pat]।

যেইক্ষেত্রে তামাদির বিষয়টি উত্থাপিত হইয়াছিল, এবং পূর্ববর্তী জারি মামলায় ছাড়িয়া দেওয়া হইয়াছে, সেইক্ষেত্রে তামাদির প্রশ্ন পরবর্তী জারি কার্যক্রমে উপস্থাপন করা যায় না [AIR 1942 Pat 477]।

জারি মামলার সিদ্ধান্ত সব সময় রেস্‌জুডিকাটা হইতে পারে না। যেইক্ষেত্রে জারি মামলা ত্রুটির কারণে খারিজ হইয়া যায়, সেইক্ষেত্রে ত্রুটি দূর করিয়া অন্য জারি মামলা দায়ের করা যাইতে পারে [16 DLR 576]।

গঠনমূলক রেস্‌জুডিকাটার নীতি জারি মামলায় প্রযোজ্য হয় [11 DLR 151; 32 CLJ 218 (PC); AIR 1953 SC 65; Contra- 9 DLR 661]।

দেনাদার কর্তৃক তামাদির ব্যাপারে আপত্তি না দেওয়া [AIR 1951 Mad 844]। ২১ আদেশ, ২২ বিধি অনুসারে নোটিশ জারির পর আপত্তি উত্থাপন না করা [AIR 1943 Mad 449]। জারির রক্ষণীয়তা বা জারি আদালতের এখতিয়ার সম্বন্ধে আপত্তি না করা [AIR 1942 Pat 68]। ডিক্রি প্রদানকারী আলতের এখতিয়ার না থাকায় ডিক্রি বাতিল মর্মে আপত্তি না দেওয়া [AIR 1955 Bom 239] পূর্ব জারিতে কোন ব্যক্তি দেনাদারের বৈধ প্রতিনিধি না থাকা, সম্পর্কে আপত্তি না তোলা [AIR 1960 (Raj) 280], বিক্রয় ঘোষণায় অন্তর্ভুক্ত কোন সম্পত্তি ডিক্রিতে অন্তর্ভুক্ত নয় এ সম্পর্কে আপত্তি না দেওয়া [AIR 1941 (Mad) 861]। গঠনমূলক রেসজুডিকাটার নীতি আকর্ষণ করে। পূর্ব জারিতে আপত্তি না দেওয়ায় ৬০(১) (c) মতে আপত্তি উত্থাপন বারিত [AIR 1969 AP 355]। ২১ আদেশের ৬১ বিধির বিধান অনুসারে নোটিশ জারির পর দেনাদারের অবস্থান জানানোর জন্য উপস্থিতিতে ব্যর্থতা এই অজুহাত পরবর্তিতে উঠান যাইবে না [AIR 1949 Bom 79]।

পূর্বের বন্ধক গ্রহীতা পরবর্তী বন্ধকের মামলায় পক্ষ থাকিলেও তাহার পক্ষের পূর্বের ডিক্রি ও নিলাম বিক্রয়ের কথা উল্লেখ না করিলে পরবর্তী ডিক্রির জারিতে আপত্তি উত্থাপন করিতে বারিত হইবে না [AIR 1948 PC 809]। অন্য ডিক্রি জারিতে সাব্যস্থ হওয়া ক্রোক যোগ্যতার বিষয়, ক্রোক যোগ্যতার বিষয় আপত্তির দরখাস্ত সিদ্ধান্ত ছাড়া ত্রুটির জন্য খারিজ, [AIR 1954 (Nag) 234] অথবা ভিন্ন হেতুতে দ্বিতীয় আপত্তি [AIR 1962 (Ori) 54] ইত্যাদিতে রেসজুডিকাটার নীতি আকর্ষণ হয় না।

রেস জুডিকাটার অজুহাত ঐ মর্মে বিচার্য বিষয় গঠনের পরই নিষ্পত্তি করা যায়। ঐ আইনি কার্যধারা সম্পূর্ণ হওয়ার আগে দেওয়ানী কার্যবিধির ১১ ধারা অনুযায়ী আরজি খারিজের কোন সুযোগ নাই [2 ALR (2013) (AD) 202]।

কিন্তু যেই ক্ষেত্রে রেসজুডিকাটার যুক্তি প্রতিষ্ঠা করিতে সাক্ষ্য প্রয়োজন হয়, সেইক্ষেত্রে আরজি রেস-জুডিকাটা নীতির কারণে খারিজ করা যায় না [2 ALR (2013) (AD) 152]।

২৩। প্রত্যক্ষ এবং মূলত বিচার্য বিষয় হইতে হইবে ঃ পূর্ববর্তী মোকদ্দমায় সিদ্ধান্তকৃত বিষয় পরবর্তী মোকদ্দমায় প্রাকসিদ্ধান্ত দোষে বারিত হইতে হইলে উহা প্রত্যক্ষ এবং মূলতঃ বিচার্য বিষয় হইতে হইবে।

বিচার্য বিষয় প্রত্যক্ষ এবং মূলতঃ এক না হইলে পরবর্তী মোকদ্দমায় ইহা প্রাকসিদ্ধান্ত দোষে বারিত হইবে না। ব্যাখ্যা ৩ হইতে ইহা স্পষ্ট বুঝা যায় যে যদিও ভিন্ন বিচার্য গঠিত না হয়, তথাপি (ক) এক পক্ষ কর্তৃক আনীত এবং (খ) প্রকাশ্য অথবা অন্তর্নিহিতভাবে অপরপক্ষ কর্তৃক উহা অস্বীকৃত অথবা স্বীকৃত না হইলে বিষয়টি প্রত্যক্ষভাবে বিচার্য বিষয় হইতে পারে না। ইহার অর্থ এই যে একপক্ষ কর্তৃক আনীত এবং অপরপক্ষ কর্তৃক অস্বীকৃত বা স্বীকৃত না হইলে উহা প্রত্যক্ষভাবে বিচার্য বিষয় হইতে পারে না। অবশ্য এইরূপ বিষয় মোকদ্দমায় প্রত্যক্ষ বিচার্য বিষয় সিদ্ধান্ত করার উদ্দেশ্যে সহায়ক অথবা আনুষঙ্গিক বিচার্য বিষয় হিসাবেও হইতে পারে। বস্তুতঃ এই ধারার প্রত্যক্ষ বিচার্য বিষয় সহায়ক অথবা আনুষঙ্গিক বিচার্য বিষয় হইতে ভিন্নভাবে প্রয়োগ করা হইয়াছে [AIR 1983 NOC 69]।

যে ক্ষেত্রে মামলার প্রাথমিক পয়েন্ট বিবেচনায় উহা খারিজ করা হয়, অন্যান্য বিচার্য বিষয়গুলির উপর দেওয়া সিদ্ধান্তগুলি রেসজুডিকাটা হিসাবে পরবর্তী মামলায় কার্যকর হইবে না। কারণ ঐ সিদ্ধান্তগুলির প্রয়োজন ছিল না [6 DLR 1]। একই স্থায়ী সম্পত্তি সম্পর্কে নিষেধাজ্ঞার মামলায় সিদ্ধান্ত পরবর্তী স্বত্ব ঘোষণা এবং দখল উদ্ধারের মামলা [2004 BLD (AD) 213] বা বাটোয়ারা মামলা [1995 BLD 325] রেসজুডিকাটা হইবে না কারণ নিষেধাজ্ঞার মামলায় আদালত দখলের বিষয়ই শুধু বিবেচনা করেন এবং স্বত্বের ব্যাপারে আনুষঙ্গিকভাবে দেখেন। যেক্ষেত্রে দখলের জন্য প্রথম মামলা আপোষ দলিলের ভিত্তিতে করা হয় এবং পরবর্তী মামলা জন্মসূত্রে সম্পত্তির অর্ধেক দাবি করিয়া বাটোয়ারার জন্য করা হয়, সেক্ষেত্রে কার্যকারণ সম্পূর্ণ ভিন্ন হওয়ায় রেসজুডিকেটা দ্বারা বারিত নয় [AIR 2016 SC 1134]।

যেক্ষেত্রে বিচার্য বিষয়টি প্রত্যক্ষ এবং মূলতঃ এক ছিল না, আদালতের শুধুমাত্র মত প্রকাশ দ্বারা রেসজুডিকাটা হইবে না [AIR 1972 (Cal) 276]। যে ক্ষেত্রে কোন মামলার নিষ্পত্তিতে কোন বিষয়ের উপর সিদ্ধান্তের প্রয়োজন ছিল না এবং যাহা ডিক্রির ভিত্তিও ছিল না তাহাকে তাহা মূলতঃ বিচার্য বিষয় বলা যাইবে না [AIR 1927 PC 102]।

২৪। অনুরূপ ও আনুষঙ্গিকভাবে বিচার্য বিষয় ঃ প্রধান বিচার্য বিষয়ের আনুষঙ্গিক ও অনুরূপ বিষয়ে সিদ্ধান্ত রেসজুডিকাটা হইবে না। কোন বিবাদীর বিরুদ্ধে বিরূপ সিদ্ধান্ত যাহা মামলা নিষ্পত্তিতে প্রয়োজন নহে, তবে ঘটনাক্রমে করা হইয়াছে উহা রেসজুডিকাটা হইবে না [40 DLR (AD) 56]। ঘটনাক্রমে সিদ্ধান্ত নেওয়া বিচার্য বিষয় যদি মূল বিচার্য বিষয় নিষ্পত্তি করার জন্য অপরিহার্য হয় তবে উহা পরবর্তী মামলায় রেসজুডিকাটা হইবে। আদালত যদি এমন বিষয় সিদ্ধান্ত নেন যাহা বিচার্য বিষয় নয় এবং প্রতিকার দেওয়ার জন্য প্রাথমিক নয়, সেক্ষেত্রে ইহা obiter dictum (রায়দানকালে উহা বিচারকের প্রাসঙ্গিক বক্তব্য) এবং রেসজুডিকাটা হইবে না [AIR 1952 SC 143]।

সাধারণতঃ নিষেধাজ্ঞার মামলা স্বত্বের প্রশ্নটি আনুষঙ্গিকভাবে দেখা হয় [1985 BLD (AD) 275]। তবে এই অবস্থান সব ক্ষেত্রে নয়। যেক্ষেত্রে সম্পত্তির স্বত্ব দখলের ভিত্তি, সেক্ষেত্রে দখলের সিদ্ধান্ত রেস জুডিকাটা হইবে [AIR 2000 SC 1238]। যেক্ষেত্রে বাদীর স্বত্ব ঘোষণা এবং দখল চিরতরের হইলে তাহার স্বত্ব ঘোষণা ও বেদখলের মামলা রেসজুডিকাটা দ্বারা বারিত হইবে না [9 BLC (AD) 278]।

২৫। বিষয়বস্তু ভিন্ন হইতে পারে ঃ রেসজুডিকাটার পরীক্ষা হইল যেমন বিষয়টি প্রত্যক্ষ ও মূলতঃ বিচার্য বিষয়, তেমনি দুইটি মামলা ভিন্ন হইলেও রেসজুডিকাটা প্রযোজ্য হইতে পারে। যেক্ষেত্রে বাদি কবলামূলে সম্পত্তি দাবি করিয়া মামলা করিলে আদালত সিদ্ধান্ত দেন যে কবলাটি বানোয়াট, দলিলে অন্তর্ভুক্ত অন্য সম্পত্তি দাবি করিয়া পরবর্তী মামলা রেস জুডিকাটা হইবে [AIR 1923 All 613]। দুই মামলায় ভিন্ন প্রতিকার প্রার্থনার কারণে রেসজুডিকাটা অপ্রযোজ্য হইবে না [AIR 1991 (Ker) 362]।

যেক্ষেত্রে পূর্বের মামলায় মামলার বিষয়বস্তু ভিন্ন ছিল সেক্ষেত্রে বর্তমান মামলায় রেসজুডিকেটার নীতি প্রযোজ্য হইবে না [AIR 2015 NOC 947 Cal]। যেক্ষেত্রে চুক্তির টাকা উদ্ধারের বিষয়টি নাকচ করেন

এবং হাইকোর্ট অন্য পদক্ষেপ নেওয়ার স্বাধীনতা দিয়া সালিসের সিদ্ধান্ত বহাল করেন। সেই ক্ষেত্রে নতুন মামলা বারিত নয় [AIR 2015 NOC 979 Utr]। যেক্ষেত্রে ভূয়া সার্টিফিকেটের ভিত্তিতে হেড মাস্টার নিয়োগ করা হয় উহা বাতিল বিধায় রেসজুডিকেটা প্রযোজ্য নয় [AIR 2015 SC 1092]।

২৬। পুনঃ সংঘটিত দায় : পুনঃ সংঘটিত দায় এর ক্ষেত্রে রেস-জুডিকাটা প্রয়োগ হইবে কিনা, যাহা নিয়া প্রশ্ন আছে। কোন নির্দিষ্ট সময়ের জন্য পূর্ববর্তী মুনাফার মামলা পরবর্তী সময়ের মুনাফার মামলার জন্য রেসজুডিকাটা হইবে না [AIR 1939 All 52]। অনুরূপ অবস্থা হইবে বকেয়া খোরপোষের মোকদ্দমার ক্ষেত্রে [AIR 1943 (Oudh) 338]। তবে পরিবর্তিত অবস্থায় ভরণপোষণের মামলার সিদ্ধান্ত উহার "হার" এর ব্যাপারে চূড়ান্ত হইবে না [AIR 1914 (Sind) 22]। কোন বার্ষিক প্রজা উচ্ছেদের অধিকার প্রত্যেক বৎসরই উদ্ভব হয় এবং এইরূপ ক্ষেত্রে পূর্বের প্রত্যাহারকৃত মামলা পরবর্তী মামলার জন্য বাধা হইবে না [AIR 1932 (Bom) 484]।

কোন নির্দিষ্ট সময়ের জন্য খাজনার ডিক্রি চূড়ান্ত [AIR 1923 (Cal) 282] তবে পরবর্তী সময়ের জন্য কাজনার হার চূড়ান্ত নাও হইতে পারে [AIR 1949 (Oudh) 80]।

২৭। গঠনমূলক রেসজুডিকাটা ও ব্যাখ্যা-৪ : কোন বিষয় প্রকৃত বা গঠনমূলকভাবে প্রত্যক্ষ এবং মূলতঃ বিচার্য বিষয় হইতে পারে। কোন বিষয় একপক্ষ দাবি করিলে এবং অপরপক্ষ অস্বীকার করিলে তাহা প্রকৃত বিচার্য বিষয় হয়। তবে কোন বিষয় কোন পক্ষ আক্রমণ বা আত্মপক্ষের হেতু করিতে পারিত কিন্তু করে নাই উহা গঠনমূলক বিচার্য বিষয়। ৪ নং ব্যাখ্যার বক্তব্য হইল এইরূপ ক্ষেত্রে আত্মপক্ষ বা আক্রমণের হেতু করা যাইত কিন্তু করা হয় নাই উহাকে প্রত্যক্ষ ও মূলত বিচার্য বিষয় গণ্য করা হইবে [34 DLR 418]। কোন ব্যক্তি উত্তরাধিকার সূত্রে জমি দাবি করিয়া মামলা করিয়া ব্যর্থ হইলে পরবর্তীকালে বিরুদ্ধ দখল সূত্রে জমি দাবি করিয়া মামলা করে। পরবর্তী মামলাটি গঠনমূলক রেসজুডিকাটা দ্বারা বারিত হইবে। প্রথম রিটে আইনের বিধান পালন না করার বিষয়ে বলা হয় নাই। দ্বিতীয় রিটে ঐ অজুহাত উত্থাপন গঠনমূলক রেসজুডিকাটা দ্বারা বারিত [AIR 2011 SC 2101]। ১০ বি এল টি (এডি) ১৬ ও ৩৯ বিএলসি (এডি) ১৪৪ মামলায় আপীল বিভাগ একই নীতি অনুসরণ করেন। যখন বাদি আক্রমণের হেতু করা যাইত এমন বিষয় আর্জিতে উল্লেখ করে নাই এবং তাহার আর্জি সংশোধনের প্রার্থনাও খারিজ হয়, এক্ষেত্রে বিষয়টি মামলায় প্রত্যক্ষ এবং মূলত বিচার্য বিষয় হিসাবে গণ্য হইবে [AIR 1925 (PC) 55]। জননীতির প্রয়োজন হইল কোন মামলাকারী তাহার দাবি বা আত্মপক্ষ সমর্থনে প্রাপ্ত ও জ্ঞাত সকল অজুহাত প্রথম উত্থাপন করিবে না হয় আদালত রায় দ্বারা মামলার সম্পূর্ণতা মতবাদ প্রকৃতভাবে প্রভাবিত হইবে [AIR 1965 (SC) 1150]।

এই নীতিটি প্রয়োগ করার জন্য বিচার্য বিষয়টি পূর্ব মামলায় উত্থাপন করা যাইত ইহা দেখানো পর্যাপ্ত নয় ইহাও দেখাইতে হইবে যে বিষয়টি অবশ্যই উত্থাপন করা উচিত ছিল [3 DLR 337]। কি উচিত ছিল উহা কোন নির্দিষ্ট মামলার ঘটনার উপর নির্ভর করিবে। অজুহাতটি যদি প্রাপ্তিসাধ্য না থাকে বা সংশ্লিষ্ট পক্ষের উহা জানা না থাকে তাহা হইলে আক্রমণ বা আত্মপক্ষ সমর্থনের হেতু করা 'উচিত' ছিল এই প্রশ্ন আসে না [16 CWN 560]। ইহার একটি পরীক্ষা হইল ঐরূপ হেতু দ্বারা পূর্বের ডিক্রিটি ব্যর্থ, ভিন্নতর বা প্রভাবিত করা যাইত কিনা, উত্তর হ্যাঁ হইলে অজুহাতটি এমন যাহা হেতু হিসাবে উত্থাপন করা যাইত এবং করা উচিত ছিল [AIR 1925 (Cal) 427]। বাদি চুক্তির ভিত্তিতে মামলা করিয়া ডিক্রি পায়, বাদী পরবর্তীকালে এই অজুহাতে মামলা করিতে পারিবেন না যে চুক্তিটির বিরতি হইয়াছে [AIR 1932 (Cal) 889]।

পক্ষগণের এমন অজুহাত উত্থাপন করার প্রয়োজন নাই যাহা একটির সঙ্গে অপরটি অসঙ্গতিপূর্ণ [AIR 1940 (Cal) 550] বা বিচারকে বিব্রত করিবে যাহা মামলার বহু বিতর্ক সৃষ্টি করে [AIR 1935 (Lah) 489]। যখন দেখা যায় যে, কোন অজুহাত আক্রমণ বা আত্মপক্ষ সমর্থনে উত্থাপন করা যাইত বা করা উচিত, তখন আরেকটি গল্প স্বীকার করিতে হইবে যে, এইরূপ অজুহাতের শুনানীও চূড়ান্ত নিষ্পত্তি হয় এবং সে কারণে রেসজুডিকাটা প্রয়োগযোগ্য হইবে [ILR 20 All 110]।

আইন প্রণয়নের পূর্ব হইতেই ব্যাংকের ভূমি দখলে আছে এই ওজর একটি বৈধ ওজর যাহা সুপ্রিম কোর্টের সম্মুখে উঠান যাইবে যদিও পূর্বে উত্থাপন করা হয় নাই। রেসজুডিকেটা বা গঠনমূলক রেসজুডিকেটা বাধা হইবে না [AIR 2014 SC 1602]। তবে যেক্ষেত্রে নিষেধাজ্ঞা ও দখল উদ্ধারের মামলায় বিরোধী দখল দাবি করিতে পারিত কিন্তু করে নাই। সেইক্ষেত্রে পরবর্তী মামলা উক্ত ওজর আর উত্থাপন করা যাইবে না [AIR 2014 Del 1 (DB)]। আবার যেক্ষেত্রে পূর্বের মর্যাদা, দলিল রদ ইত্যাদির খারিজ হওয়া মামলায় স্ত্রী এবং সন্তানদের মর্যাদা সম্বন্ধে কোন সিদ্ধান্ত দেওয়া হয় নাই সেক্ষেত্রে পরের মামলা রেস জুডিকেটা দ্বারা বারিত হইবে না [AIR 2014 NOC 45 Ker]।

আপীলকারী ভূমি মালিকগণ বিরোধীয় সম্পত্তি হইতে বেদখল হইয়াছিল কিনা তাহা পূর্বের রীট মামলায় ইস্যু ছিল না, তাই পরবর্তী রীটে ঐ প্রশ্ন গঠনমূলক রেসজুডিকেটা দ্বারা বারিত নয় [AIR 2016 SC 626]। যেক্ষেত্রে সমিতি আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরোধীতা করে নাই সেক্ষেত্রে পরবর্তী দরখাস্তে একই ইস্যু উত্থাপন করা গঠনমূলক রেসজুডিকেটা দ্বারা বারিত [AIR 2016 HP 137]।

যেক্ষেত্রে পূর্ববর্তী মামলা ভাড়া ও উচ্ছেদের জন্য এবং পরবর্তী মামলা প্রজাস্বত্ব বাতিলের জন্য। পূর্ববর্তী মামলায় ভাড়াটিয়াদেরকে টেকনিক্যাল হেতুতে প্রতিকার দেওয়া হয়। পরবর্তী মামলা গঠনমূলক রেসজুডিকেটা দ্বারা বারিত নয় [AIR 2015 NOC 852 Utr]।

মোকাবেলা বিবাদী যাহার বিরুদ্ধে কোন অভিযোগ করা হইয়াছে রেসজুডিকাটা তাহার জন্যও প্রযোজ্য [17 DLR 373]। জারি কার্যক্রমেও রেসজুডিকাটা প্রযোজ্য [AIR 1988 (SC) 375]। যে মামলায় কোন বিচার হয় নাই সেখানে গঠনমূলক রেসজুডিকাটার প্রশ্ন আসে না [AIR 1980 SC 161]।

২৭.১। বন্ধকী মামলা ঃ দায় মোচনের মামলায় বন্ধক গ্রহীতা বন্ধকদাতা কর্তৃক ঋণ পরিশোধে ব্যর্থতার জন্য বন্ধকি সম্পত্তি বিক্রয়ের আদেশ লাভ না করিলে বিক্রয়ের জন্য ভিন্ন মামলা করিতে পারিবে না, কারণ দায়মোচনের মামলায়ই উক্ত প্রার্থনা করিতে হইবে [ILR 13 Bom 567]। অনুরূপভাবে বন্ধক গ্রহীতা দাতার বিরুদ্ধে ব্যক্তিগত ডিক্রির আবেদন না করিয়া পরবর্তীকালে তাহা করিতে পারেন না [AIR 1931 All 99]।

২৭.২। বাটোয়ারা মামলা ঃ যেক্ষেত্রে যৌথ সম্পত্তিতে বাদীর অংশ ডিক্রিতে ঘোষিত হয় কিন্তু অসাবধানতা বশতঃ একটি আইটেম বাদ থাকে, ঐ বাদ পড়া সম্পত্তির জন্য পরবর্তী মামলা বারিত নয়। অনুরূপভাবে ভুলে বা পক্ষগণের সম্মতিতে পূর্বের মামলায় কোন যৌথ সম্পত্তি বাদ পড়িলে পরবর্তী মামলা বারিত হইবে না, তবে আদালত বাটোয়ারার অযোগ্য সাব্যস্তে কোন সম্পত্তি বাদ দিলে উহার জন্য পরবর্তীতে কোন মামলা করা যাইবে না [AIR 1928 (Cal) 459]। কোন সম্পত্তি ডিক্রি হওয়ার পর সরজমিনে সাহাম ন দেওয়া হইলে সম্পত্তির জন্য পরবর্তী মামলা বারিত হইবে না [AIR 1959 (Pat) 331]।

২৭.৩। আত্মপক্ষ সমর্থনের হেতুবাদ ঃ আত্মপক্ষ সমর্থনের যাবতীয় কারণ বা হেতুবাদ মজুদ না রাখিয়া একসাথে ব্যক্ত করিতে হয়। কোন পক্ষের কোন মামলায় আত্মপক্ষ সমর্থনের একাধিক কারণ থাকিলে সেই পক্ষকে সমস্ত কারণ উত্থাপন করিতে হইবে। পরবর্তী মামলার জন্য তাহাদের এক বা একাধিক কারণ সংরক্ষণ করিতে পারিবে না [AIR 1947 (Cal) 393]।

আত্মপক্ষ সমর্থনের কারণ প্রাকসিদ্ধান্ত বাধা বলিয়া গণ্য করিতে হইলে এমন হইতে হইবে যে, উহা উত্থাপন করা হইলেও ঐ পক্ষ পরাজিত হইত [AIR 1942 (Oudh) 354]।

কোন রেহান মুক্তির মোকদ্দমায় দখলকারী ব্যক্তি বিরুদ্ধ দখল স্বত্বের ওজর উত্থাপন করে এবং তাহার রেহান গ্রহীতার অধীনে প্রজা স্বীকার করিয়া ওজর উত্থাপন করে নাই। ঐ মামলায় ইহা সিদ্ধান্ত হইয়াছে যে, তাহারা নতুন মোকদ্দমায় পরবর্তীকালে পরবর্তী ওজর উত্থাপন করিতে পারে না। প্রাকসিদ্ধান্ত দোষে

আত্মসমর্থনের কারণ এইরূপ হওয়া উচিত যে যদি ইহা উত্থাপিত হইত, তবে উহা বাদীর দাবিকে পরাভূত করিত এবং যদি উত্থাপিত না হইত তবে বাদীর দাবীতে কোন সাড়া প্রদান করিত না [AIR 1946 (Nag) 277]।

২৮। পক্ষগণের অভিন্নতা ঃ পূর্ববর্তী মোকদ্দমায় একই পক্ষদের মধ্যে হইতে হইবে। মোকদ্দমায় কোন ব্যক্তি পক্ষ হইতে পারে অথবা পক্ষের অধীনে দাবিদার কোন ব্যক্তি হইতে পারে অথবা পক্ষের কোন প্রতিনিধি বা আগন্তুক হইতে পারে। সাধারণ নীতি হইতেছে এই যে, মামলায় পক্ষ নহে অথবা উহার অধীনে দাবিদার নহে অথবা পক্ষের প্রতিনিধি নহে এমন ব্যক্তি এই নীতিতে বাধ্যকর নহে। এইরূপ ক্ষেত্রে 'আগন্তুকদের মধ্যে সম্পাদিত কার্যে কোন পক্ষকে ক্ষতিগ্রস্ত করা উচিত নয়' এই প্রবাদ প্রযোজ্য। পূর্ববর্তী মোকদ্দমায় সিদ্ধান্ত পক্ষদের মধ্যে না হইলে রেসজুডিকাটা বা প্রাকসিদ্ধান্ত দোষের নীতি প্রয়োগ হয় না [19 DLR (SC) 433]। মোকদ্দমার সিদ্ধান্ত পক্ষ এবং তাহাদের অধীনস্তদের উপর বাধ্যকর হইবে, কারণ পক্ষের অধীনস্ত ব্যক্তি তাহার পক্ষ থাকায় ঐ সিদ্ধান্তের দ্বারা বাধ্য। পক্ষদের যে ব্যক্তি সুযোগ নেয় তাহাকে ক্ষতির দায় দায়িত্বও বহন করিতে হয় [PLD 1960 (Lah) 106]। পূর্ববর্তী নজীর সুপ্রীমকোর্ট কর্তৃক খারিজ হইলেও পূর্ববর্তী নজীরের উপর ভিত্তি করিয়া কোন বিষয়ের সিদ্ধান্ত হইলেই ঐ সিদ্ধান্তে প্রাকসিদ্ধান্ত দোষ প্রয়োগে কোন বাধা নাই [16 DLR 92]। যেখানে পূর্ববর্তী মামলার সিদ্ধান্ত একই পক্ষবৃন্দের মধ্যে ছিল না বলিয়া দেখা যায় সেখানে প্রাকসিদ্ধান্ত বাধা নীতি প্রযোজ্য হইবে না [PLD 1981 (Lah) 520; 19 DLR 433]।

প্রাকসিদ্ধান্ত নীতি প্রয়োগের জন্য সর্বক্ষেত্রে পরবর্তী মামলার পক্ষবৃন্দকে পূর্ববর্তী মামলায় পক্ষ থাকিতে হইবে এমন বলা যায় না, পক্ষের পূর্বাধিকারী পূর্ববর্তী মামলায় পক্ষ থাকিলে ঐ পক্ষের উপর প্রাকসিদ্ধান্ত নীতি প্রযোজ্য হইবে [18 DLR 494]।

কোন মামলার সিদ্ধান্ত ঐ মামলার পক্ষবৃন্দ এবং প্রিভিদের উপর বাধ্যকর [AIR 1946 (Mad) 372]।

কেননা যিনি তাহার পূর্বাধিকারীর মাধ্যমে দাবি করিতেছেন উক্ত পূর্বাধিকারীর উপর প্রযোজ্য সিদ্ধান্ত তাহার উপরও বাধ্যকর [PLD 1960 (Lah) 106]।

পূর্ববর্তী ও পরবর্তী মামলার পক্ষবৃন্দ একই হইলে প্রাকসিদ্ধান্ত নীতি প্রযোজ্য হইবে। তাই যে পক্ষের উপর উক্ত সিদ্ধান্ত বাধ্যকর বলিয়া আরোপ করিতে চাওয়া হয়, সেই ক্ষেত্রে প্রমাণ করিতে হইবে যে, যে কোন প্রকারে তিনি পূর্ববর্তী মামলায় পক্ষ ছিলেন [AIR 1944 (Sind) 145]। এবং সে কারণে তাহার নাম পূর্ববর্তী মামলায় ছিল বলিয়া দেখাইতে হইবে।

২৯। বিদেশী রায় ঃ বিদেশী রায় বলবৎ করার ব্যাপারে বাদি প্রতারণার বিরুদ্ধে জানিয়াও কোন আপত্তি না তুলিয়া ডিক্রি হইতে বাধা দেয় নাই, তবে ডিক্রি জারির সময় প্রতারণার ওজর উত্থাপন করে। ভারতের আদালত কর্তৃক জারির সময় উক্ত বিষয়ের সিদ্ধান্ত নেওয়ার অর্থ হইল পুনরায় বিচার করা যাহা রেসজুডিকেটার নীতিতে বারিত AIR 2015 NOC 771 Bom]।

৩০। তৃতীয় ব্যক্তির স্বত্ব দাবি ঃ দুই পক্ষের মধ্যে কোন স্বত্বের মামলায় তৃতীয় কোন পক্ষের স্বত্ব সম্পর্কিত দাবির উপস্থাপন করাকে "তৃতীয় ব্যক্তির স্বত্ব দাবি" বলা হয়। যেমন 'ক' 'খ' এর বিরুদ্ধে স্বত্বের মামলা করিল, কিন্তু 'খ' 'গ' এর স্বত্ব সম্পর্কে দাবি পেশ করিল, ইহাই তৃতীয় ব্যক্তি স্বত্ব দাবির অভিযোগ। এইরূপ তৃতীয় ব্যক্তি কর্তৃক স্বত্ব দাবির অভিযোগের উপর কোন সিদ্ধান্ত 'গ' কর্তৃক পরবর্তীকালে কোন মামলায় বা তাহা নিজের ব্যক্তিদের কোন মামলায় প্রাকসিদ্ধান্ত দোষে দুষ্ট হইবে না [AIR 1932 (Oudh) 342]।

৩১। সহবিবাদী ঃ বিবাদীদের মধ্যে কোন বিচার্য বিষয়ের সিদ্ধান্ত হইলে উহা প্রাক সিদ্ধান্ত হইবে [40 DLR (AD) 56]। একইভাবে কোন মামলায় একাধিক বাদীর মধ্যে কোন বিষয় নিষ্পত্তির প্রয়োজন দেখা

দিলে যদি আদালত তাহা নিষ্পত্তি করেন, তবে ঐ বাদীগণ এবং তাহাদের স্থলবর্তীগণের মধ্যে পরবর্তী কোন মামলা প্রাকসিদ্ধান্ত বাধা হইবে। তবে সহবিবাদীদের মধ্যে প্রাকসিদ্ধান্ত বাধা নীতির মত একইরূপ শর্ত থাকিতে হইবে [PLD 1963 (Pesh) 199]। সহবিবাদীদের উপর প্রাকসিদ্ধান্ত বাধা নীতি অতি সাবধানতার সাথে প্রয়োগ করিতে হইবে [AIR 1943 (Cal) 76; PLD 1958 (Pesh) 213]।

মোকাবেলা বিবাদীর বিরুদ্ধে কোন প্রতিকার না চাওয়া সত্ত্বেও মামলার সিদ্ধান্ত তাহার উপর প্রাকসিদ্ধান্ত বলিয়া গণ্য হইবে [17 DLR 373; PLD 1967 (Dacca) 384; AIR 1956 (PC) 129]।

স্বার্থবিহীন বাদীর মামলায় [Interpleader suit] বিবাদীর উপর আরোপিত সিদ্ধান্ত প্রাকসিদ্ধান্ত বলিয়া গণ্য হইবে [AIR 1928 (Oudh) 155]।

সহবিবাদীর মধ্যে প্রাকসিদ্ধান্ত বাধা গণ্য হওয়ার জন্য যে সকল উপাদান থাকা প্রয়োজন সহবাদীদের মধ্যে প্রাকসিদ্ধান্ত বাধা হইতে হইলে একই ধরনের উপাদান থাকিতে হইবে [AIR 1943 (PC) 115; AIR 1938 (Lah) 571]।

যদি বাদি সহ বিবাদীদের মধ্যকার বিরোধ নিষ্পত্তি ছাড়া তাহার অধিকার লাভ করিতে পারে না, সেক্ষেত্রে আদালত মামলা বিচার করিয়া সিদ্ধান্ত নিবেন এবং সহ বিবাদীগণ উক্ত সিদ্ধান্ত দ্বারা বাধ্য থাকিবেন, তবে বাদীর প্রতিকার দেওয়ার জন্য সহবিবাদীদের মধ্যকার সিদ্ধান্তের প্রয়োজন যদি না হয়, সেক্ষেত্রে সহবিবাদীগণ তাহাদের মধ্যকার সিদ্ধান্ত দ্বারা বাধ্য থাকিবেন না [AIR 1974 (Pat) 254]। প্রাকসিদ্ধান্ত বাধা বা রেসজুডিকাটা বিবাদীদের মধ্যে প্রয়োগ হওয়ার জন্য (১) সহবিবাদীদের মধ্যকার স্বার্থের দন্ধ থাকিতে হইবে (২) বাদীকে প্রতিকার দেওয়ার জন্য উহার সিদ্ধান্ত প্রয়োজন হইতে হইবে; (৩) বিবাদীদের মধ্যকার সিদ্ধান্তটি চূড়ান্ত হইতে হইবে [5 DLR 433] এবং (৪) সহবিবাদীগণ প্রয়োজনীয় পক্ষ হইতে হইবে [AIR 1974 (SC) 749]।

৩২। হস্তক্ষেপকারী ঃ যে পর্যায়েই হউক না কেন, মামলায় হস্তক্ষেপকারী ব্যক্তি পক্ষ হিসাবে গণ্য হইবে এবং তাহার দ্বারা বা বিরুদ্ধে পরবর্তীকালে কোন মামলা রেসজুডিকাটা হিসাবে কার্যকর হইবে [ILR 1 Cal 144]। কোন এক মামলায় এক ব্যক্তি পক্ষ হওয়ার আবেদন করিলে উহা নাকচ করা হয়, তবে তাহাকে কার্যধারায় হস্তক্ষেপ করার অনুমতি দেওয়া হয়। তাহাকে পক্ষ হিসাবে ধরা না হইলেও উক্ত মামলার সিদ্ধান্ত তাহার জন্য রেসজুডিকাটা হইবে [AIR 1968 (Del) 6]।

৩৩। মোকাবেলা বিবাদীদের বিরুদ্ধে রেসজুডিকাটা ঃ মোকাবেলা বিবাদী নামে মাত্র বিবাদী হইলে তাহার বিরুদ্ধে রেসজুডিকাটা হইবে না [AIR 1956 (Cal) 129]। তাহাদের বিরুদ্ধে কোন প্রতিকার চাওয়া না হইলে এবং বাদীও তাহার মধ্যে বিচার্য বিষয় না থাকিলেও রেসজুডিকাটা হইবে না [5 DLR 436]। তবে প্রতিকার না চাহিলেও যদি তাহার ও বাদীর স্বার্থ অভিন্ন হইলে মামলার সিদ্ধান্ত রেসজুডিকাটা হইতে পারে [AIR 1942 Cal 1]। পূর্ব মামলায় বিবাদী ও মোকাবিলা বিবাদীর মধ্যে বিচার্য বিষয় সম্পর্কে স্বার্থের দ্বন্দ্ব থাকিলে রেসজুডিকাটা হইবে। হেবা বিল এওয়াজ মূলে প্রাপ্ত সম্পত্তির অংশের দখল পূর্ণ উদ্ধারের মামলায় বাদী তাহার বোনদেরকে মোকাবেলা বিবাদী হিসাবে পক্ষ করে, উক্ত মামলা ডিক্রি হয় এবং বাদীর পরবর্তী উচ্ছেদের মামলায় উক্ত বোনরা পূর্ববর্তী মামলার সিদ্ধান্ত দ্বারা বারিত [12 BLD (AD) 296]।

৩৪। প্রতিনিধিত্বমূলক মামলা ও ব্যাখ্যা-৬ ঃ এক বা একাধিক ব্যক্তি দ্বারা আদালতে অনুমতি গ্রহণে মামলা দায়ের বা আত্মপক্ষ সমর্থনকারীকে প্রতিনিধিত্বমূলক মামলা বলে ৬ নং ব্যাখ্যার বিধান হইল যে, যেক্ষেত্রে কোন সাধারণ অধিকার বা সবার জন্য ব্যক্তিগত অধিকার দাবি করিয়া সকল স্বার্থযুক্ত ব্যক্তি সরল বিশ্বাসে মামলা করে, তখন উক্ত স্বার্থের সঙ্গে সংশ্লিষ্ট সকল লোক এই ধারার অধীনে মামলাকারীদের সূত্রে স্বত্ব দাবি করিতেছে মর্মে গণ্য করিতে হইবে [AIR 2003 (SC) 3349]। নীতিটি হইল একই বিচার্য বিষয়

পূর্বের মামলায় যখন বিচার ও সিদ্ধান্ত হয়, পরের মামলায় একই সাধারণ অধিকার দাবিকারীদেরকেও উক্ত সাধারণ অধিকার দাবিকারী গণ্য না করার কারণ নাই [AIR 1977 (SC) 1268]। এই ব্যাখ্যা প্রয়োগের জন্য শর্তগুলি হইল – (১) এক বা একাধিক ব্যক্তি কর্তৃক নিজ বা সবার জন্য অধিকার জারি করিতে হইবে (২) পক্ষগণের নাম স্পষ্টভাবে মামলায় না থাকিলেও কথিত অধিকারে স্বার্থ থাকিতে হইবে; (৩) সকল স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তির পক্ষে সরল বিশ্বাসে মামলা পরিচালনা করিতে হইবে [AIR 1949 (All) 761] এবং (৪) মামলাটি ১ আদেশের ৮ বিধি অনুসারে করা হইলে ঐ বিধানের সকল শর্ত পূরণ করিতে হইবে [AIR 1933 (PC) 183]। ব্যাখ্যাটি কেবলমাত্র ১ আদেশের ৮ বিধিতে সীমাবদ্ধ নহে, অন্যের পক্ষে মামলা করার অধিকারী সকল ক্ষেত্রে প্রযোজ্য [AIR 1949 (Mad) 379]। ৯২ ধারার অধীনে প্রতিনিধিত্বমূলক মামলার ডিক্রি ট্রাস্টে মামলা স্বার্থ সংশ্লিষ্ট সকল ব্যক্তির উপর বাধ্যকর [AIR 1990 (SC) 444]। যখন কোন ব্যক্তি তার নিজের জন্য কোন স্বার্থ দাবি করিয়া মামলা করে, তাহাকে সবার পক্ষে মামলা করিয়াছে বলা যাইবে না। অধিকারটি সবার জন্য এজমালি [AIR 1942 (Oudh) 199]। ৯০ ধারার বিধানের প্রেক্ষিতে জনসাধারণের অধিকার শব্দটি ধারায় যুক্ত করা হয়। গণ উপদ্রব প্রশমিত করা জনসাধারণের অধিকার, তবে চারণ ভূমির অধিকারে এবং কল বা ঝরনা হইতে পানি নেওয়ার অধিকার ব্যক্তিগত অধিকার [ILR 3 Cal 49]। যেক্ষেত্রে পূর্ববর্তী রীট মামলাটি জনস্বার্থে করা হয় উহার রায়টি সার্বজনিন বিধায় পরবর্তী জনস্বার্থের মামলাটি রেসজুডিকেটার নীতিতে করিত [AIR 2019 440 Ker]।

বাটোয়ারার মামলায় অভিন্ন বিচার্য বিষয় হইলে পরবর্তী মামলায় সিদ্ধান্তে এই ব্যাখ্যা প্রযোজ্য হইবে [AIR 1977 (SC)1268]। কোন প্রতিনিধিত্বমূলক মামলা সম্মতি ডিক্রি রেসজুডিকাটা হইবে কিনা এই প্রশ্নে হাইকোর্টের ভিন্নমত থাকিলেও ভারতীয় সুপ্রিমকোর্টের অভিমত হইল ইহা আদালতের সিদ্ধান্ত না হওয়ায় রেসজুডিকাটা হইবে না। তবে স্বকার্যজনিত কাজ (estoppel) হইতে পারে [AIR 1967 SC 591]।

৩৪.১। জনস্বার্থে মামলা ঃ এই ব্যাখ্যা অনুসারে জণস্বার্থে দায়েরি মামলার সিদ্ধান্ত রেসজুডিকাটা হইবে [(1986 1 Scc 100]। তবে ভারতীয় সুপ্রিমকোর্ট অভিমত দেন যে, অতি জনগুরুত্বপূর্ণ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হইলেও রেসজুডিকাটার অজুহাত গ্রহণযোগ্য হইবে না [(1989) (1) SCC 504]।

৩৪.২। একই স্বত্বের অধীনে মামলা ঃ একই স্বত্বের অধীনে মামলা অর্থাৎ একই অধিকার বা যোগ্যতায় মামলা করা, কার্যকারণের হেতু নহে। পূর্বের মামলার মত পরবর্তী মামলায়ও দাবি একই বৈশিষ্ট্যের হইবে [33 CWN 876]। একই পক্ষ দুইটি মামলা ভিন্ন চরিত্রে হইলে রেসজুডিকাটা হইবে না [42 DLR 154]। যেক্ষেত্রে কোন মামলায় কোন ব্যক্তিকে মৃত ব্যক্তির বৈধ প্রতিনিধি হিসাবে পক্ষ করা হয়, সেক্ষেত্রে তাহার ব্যক্তিগত যোগ্যতার কোন আপত্তি উত্থাপন সম্ভব নহে, তবে ব্যক্তিগত যোগ্যতায় তাহার আনীত মামলার সিদ্ধান্ত রেসজুডিকাটা হইবে না [1991 BLD 39]। মামলার সিদ্ধান্ত পরবর্তীকালে মোতওয়াল্লী হিসাবে তাহার দায়েরী মামলা রেসজুডিকাটা দ্বারা বারিত হইবে না। কারণ একই স্বত্বের অধীনে মামলা করা হইয়াছে বলা যাইবে না [68 CLJ 293]।

কোন ক্রেতাকে পূর্ববর্তী সিদ্ধান্ত দ্বারা বাধ্য করিতে হইলে তাহার ক্রয় অবশ্যই মামলার পরে হইতে হইবে, তাহার ক্রয়ের পর বিক্রেতার বিরুদ্ধে কোন ডিক্রি দ্বারা সে বাধ্য হইবে না [AIR 1948 Bom 193]।

৩৫। এখতিয়ারের ঐকমত্য (Concurrence of jurisdiction) এবং ব্যাখ্যা-২ ঃ ১১ ধারা প্রযোজ্য হইতে হইলে যে আদালত পূর্ববর্তী মামলা বিচার করিয়াছে পরবর্তী মামলার বিচার করার যোগ্যতা উহার অবশ্যই থাকিতে হইবে [AIR 1966 (SC) 1332, 56 DLR 588]। সার্টিফিকেট অফিসার কর্তৃক কোন সিদ্ধান্ত দেওয়ানী আদালতের মামলায় রেসজুডিকাটা হইবে না [6 DLR 177], যদি না রাজস্ব আদালতকে ঐরূপ বিচার্য বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার একচেটিয়া অধিকার দেওয়া হয় [5 DLR 4]। ধারায় উল্লেখিত মোকদ্দমা/মামলা (Suit) শব্দটি বলিতে পুরা মামলাটি বুঝায়, উহার কোন অংশ নহে বা কোন একটি বিচার্য

বিষয় নহে [AIR 1962 (SC) 214]। সে কারণে পূর্ববর্তী মামলায় সিদ্ধান্তকারী আদালতের পরবর্তী মামলার আর্থিক ও বিষয়বস্তুগত এখতিয়ার থাকিতে হইবে [31 DLR 84]। যথা দুইটি আদালতেরই যুগপত এখতিয়ার থাকিতে হইবে যদি পূর্ববর্তী আদালতে পরবর্তী মামলা বিচার করার কোন যোগ্যতা না থাকে, পূর্ববর্তী মামলার সিদ্ধান্ত রেসজুডিকাটা হইবে না [25 DLR 21]।

৩৬। একচেটিয়া এখতিয়ারের আদালত ঃ ১১ ধারার প্রয়োজনীয়তা হইল যে পূর্ববর্তী ও পরবর্তী বিচারকারী আদালতের অবশ্যই যুগপত এখতিয়ার থাকিতে হইবে [56 DLR 588]। রেসজুডিকাটার সাধারণ নীতিতে একচেটিয়া আদালতের সিদ্ধান্ত নিষ্পত্তিকৃত বিষয়ের ব্যাপারে চূড়ান্ত হইবে [AIR 1935 (Cal) 816]। তবে একচেটিয়া আদালতের রায় কেবলমাত্র ঐ সকল বিষয়ে রেসজুডিকাটা হিসাবে কার্যকর হবে যে সব বিষয়ে ঐরূপ আদালত একচেটিয়া সিদ্ধান্ত নিতে পারে। ভূমির মালিক ও প্রজার সম্পর্কের ব্যাপারে স্বল্প এখতিয়ার আদালতের সিদ্ধান্ত রেসজুডিকাটা হইবে, তবে স্বত্ব ঘোষণার ব্যাপারে নহে [41 CWN 1019]।

৩৭। রেসজুডিকাটা যখন হইবে না ঃ প্রকৃত প্রয়োজনের অজুহাতে উচ্ছেদের মামলা খারিজ হইলেও দ্বিতীয়বার মামলা করা যায় [AIR 1988 (SC) 1345]। মামলার কারণ না থাকায় তাহা খারিজ হওয়ায় পুনরায় মামলা বাধাগ্রস্থ হইবে না [23 CWN 91]।

স্বামী মারা যাওয়ায় আয় না থাকায় নাবালকের মা পিতামহকে অভিভাবক নিযুক্ত করা হয়। মা উপার্জনক্ষম হওয়ার পর অভিভাবকত্বের জন্য আবেদন করে। অভিভাবকত্বের আদেশ আইন অনুসারে অস্থায়ী বিধায় রেসজুডিকেটা হইবে না [AIR 2014 NOC 162 All]। ভাড়া আদায় ও প্রকৃত প্রয়োজনে উচ্ছেদ চাহিয়া বাদি পূর্ববর্তী মামলা করে কিন্তু স্বত্বের কোন প্রতিকার চায় নাই। পরবর্তীকালে স্বত্বের ঘোষণার জন্য মামলা রেসজুডিকেটা হইবে না। যেক্ষেত্রে পূর্ববর্তী মামলা টেকনিক্যাল হেতুতে গুণাগুণের উপর সিদ্ধান্ত ছাড়াই খারিজ হয়, সেক্ষেত্রে উহা পক্ষগণের মধ্যে রেসজুডিকেটা হইবে না [AIR 2015 Gau 136]। যেক্ষেত্রে পূর্বের নিষেধাজ্ঞার মামলায় আদালত বাদির স্বত্ব দেখিতে পান কিন্তু বিকল্প প্রতিকার থাকায় নিষেধাজ্ঞা দেন নাই, বাদির একই দলিলের ভিত্তিতে ঘোষণা ও দখলের মামলা বারিত নয় [AIR 2015 Del 186]।

নিষেধাজ্ঞা ও ঘোষণার মামলায় বিবাদি পাল্টা দাবি করিলে উহার মধ্যে ত্রুটি থাকায় তাহা প্রত্যাহার করিয়া নতুন পাল্টা দাবি দাখিল করে। এইক্ষেত্রে উহা রেসজুডিকেটা দ্বারা বারিত নয় [AIR 2016 NOC 35 MP]।

মার্চেন্ট শিপিং আইনের ৩৫২-এ ধারা অনুসারে মামলায় রাশিয়ান জাহাজের মালিক দায়ের সীমাবদ্ধতা তহবিল গঠনের জন্য ইতিপূর্বে চীনের আদালতে আবেদন করে কিন্তু তাহা প্রত্যাহার করায় রেসজুডিকেটা নীতি ভারতীয় আদালতে করা বর্তমান দরখাস্তের বেলায় প্রযোজ্য হইবে না [AIR 2016 NOC 389 Bom]।

পূর্ববর্তী মামলার সময় পরবর্তী সময়ে উত্থাপিত ওজর ব্যক্ত করিবার সুযোগ না থাকায় প্রাকসিদ্ধান্ত প্রযোজ্য হইবে না [AIR 1985 (Mad) 300]। বিজয়ী পক্ষের প্রতিকূলে প্রদত্ত কোন মন্তব্য প্রাকসিদ্ধান্ত হইবে না [AIR 1984 (NOC) 188]। সোলে ডিক্রী বা নিষ্পত্তি প্রাকসিদ্ধান্ত নহে বরং উহাকে স্বীকৃতির বাধা বলা যায় [AIR 1986 (Gau) 55; AIR 1985 NOC 227(All); AIR 1993 (SC) 1929]। প্রাথমিক ডিক্রীতে প্রদত্ত কোন নির্দেশ প্রাকসিদ্ধান্ত বাধা হইবে না [AIR 1986 (Cal) 393]। টেকনিক্যাল কারণে আপীল খারিজ হইলে তাহা প্রাকসিদ্ধান্ত হইবে না [AIR 1995 (SC) 201]। যে বিষয়ে সিদ্ধান্ত হয় নাই তাহা প্রাকসিদ্ধান্ত গণ্য হইবে না [AIR 1993 (SC) 1756]।

যেক্ষেত্রে পূর্বের বিবাহ ভঙ্গের মামলায় নিষ্ঠুরতার কারণে তালাক চাওয়া হয় ও পরবর্তী মামলায় ডিক্রির দুই বৎসর পরও দাম্পত্য সম্পর্ক পুনঃস্থাপন না হওয়ার ওজর দেওয়া হয়, সেক্ষেত্রে উভয় মামলার বিচার্য বিষয় একই না হওয়ায় রেসজুডিকেটার নীতি প্রযোজ্য হইবে না [AIR 2016 NOC 556 Raj]। পূর্বের দরখাস্ত

যেক্ষেত্রে নট প্রেসড্ হিসাবে খারিজ করা হয় সেক্ষেত্রে পরের মামলা রেসজুডিকেটা হইবে না [AIR 2016 Kar 152]।

রায়ের পূর্বে ক্রোকের আবেদন একবার খারিজ হইলেও দ্বিতীয়বার একই আবেদন করিতে বাধা নাই। এইক্ষেত্রে ১১ ধারার নীতি প্রযোজ্য হইবে না [AIR 1998 (MP) 93]। ডিক্রী সংশোধনের আবেদন কোন মামলার পর্যায়ভুক্ত নহে, উক্ত আবেদনের উপর আদালত আইনগত সিদ্ধান্ত প্রদান করিলে তাহা প্রাকসিদ্ধান্ত দোষের বৈশিষ্ট্য অর্জন করিবে [AIR 1993 (AP) 323]। পরবর্তী আবেদনপত্রে মূলতঃ ভিন্ন ধরনের সংশোধন প্রার্থনা করা হইলে তাহা বারিত হইবে না [AIR 1928 Lah 954]। সমন জারি হয় নাই। মামলা ডিক্রী হয়। পরবর্তী মামলা Resjudicata হইবে না [52 DLR (HC) 93]। ভূমি আদালতের মামলাকে দেওয়ানী মামলা হিসাবে গণ্য করিয়া Resjudicata সিদ্ধান্ত ভুল [57 DLR (HC) 598]। বর্তমানের মামলার বিষয়বস্তু সরাসরি বা কাঠামোগত দিক দিয়া এক না হওয়ায় Resjudicata হইবে না [57 DLR (HC) 51]।

Resjudicata সম্পর্কে সংবিধানের কোথাও উল্লেখ নাই, দেওয়ানী কার্যবিধিতে, এমনকি রিট পিটিশন যাহা মৌলিক দিক দিয়া দেওয়ানী প্রকৃতির সেই ক্ষেত্রেও উহার প্রয়োগ আছে [57 DLR (HC) 171]। যেক্ষেত্রে পূর্বের মামলায় সুনির্দিষ্টভাবে সম্পত্তি বাবদ বিচার্য বিষয় গঠনান্তে ডিক্রী হয় নাই, পরবর্তী মামলায় রেস্‌জুডিকাটা হইবে না [10 MLR (AD) 4-8]।

ধারা-১২। অধিকতর মোকদ্দমায় বাধা ঃ যখন কোন বিধি অনুসারে কোন বিশেষ কারণে বাদী কর্তৃক অতিরিক্ত মামলা দায়ের করা নিষিদ্ধ হইয়া থাকে, তখন যে আদালতের প্রতি এই আইন প্রযোজ্য, সেইরূপ কোন আদালতে তিনি সেই একই কারণে আর মামলা দায়ের করিতে পারিবেন না।

12. Bar to further suit—Where a plaintiff is precluded by rules from instituting a further suit in respect of any particular cause of action, he shall not be entitled to institute a suit in respect of such cause of action in any Court to which this Code applies.

আওতা ও প্রয়োগ

কোন বিধি বা নিয়মে মামলা বারিত হইলে বাদী নতুনভাবে মামলা রুজু করিতে পারেন না [AIR 1978 Punj LJ 173]।

যেইক্ষেত্রে কোন মোকদ্দমা ভুলক্রমে অন্য ব্যক্তির উত্তরাধিকারী হিসাবে কোন ব্যক্তির বিরুদ্ধে দায়ের করা হইয়াছিল এবং ডিক্রি হইয়াছিল, সেইক্ষেত্রে প্রকৃত উত্তরাধিকারীর বিরুদ্ধে কোন নতুন মোকদ্দমা বারিত হয় না। ধারায় উল্লিখিত বিধিসমূহ হইল আদেশ-২, বিধি-২, দাবির অংশ বাদ ছাড়া, আদেশ-৯, বিধি-৯, ত্রুটির জন্য খারিজ, আদেশ-২২, বিধি-৯, মামলার অবসায়ন, আদেশ-২৩, বিধি ১ আদালতের অনুমতি ছাড়া মামলা প্রত্যাহার এবং এই সকল মামলাতে, একই কার্যকারণের অবসায়ন এর ভিত্তিতে কোন নতুন মোকদ্দমা বারিত হয়। এই ধারার অন্য কোন আইনের কোন বিধানের সহিত সম্পর্ক নাই [AIR 1978 (All) 312]।

ধারা-১৩। বিদেশী রায় যখন চূড়ান্ত নহে ঃ কোন বিদেশী আদালত কোন বিষয় বিচার করিতে এবং তাহা একই পক্ষসমূহ অথবা তাহাদের সূত্রে এক বা একাধিক স্বত্ব দাবিকারীর মধ্যে একই বিষয় সম্পর্কিত মামলা হইলে বিদেশী আদালতের রায় চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। তবে নিম্নলিখিত ক্ষেত্র ব্যতীত-

(ক) যে আদালত রায় ঘোষণা করিয়াছেন তাহার যথাযথ এখতিয়ার না থাকিলে;

(খ) মামলার গুণাগুণের ভিত্তিতে রায় দেওয়া না হইলে;

(গ) আন্তর্জাতিক আইনের ভুল ব্যাখ্যা অথবা মামলাটির প্রতি প্রযোজ্য বাংলাদেশের আইন অস্বীকার করিয়া রায় প্রদান করা হইয়াছে বলিয়া কার্যক্রম হইতে প্রতীয়মান হইলে;

(ঘ) যে কার্যধারায় মামলায় রায় লাভ করা হইয়াছে তাহা স্বাভাবিক ন্যায়বিচারের পরিপন্থি হইলে;

(ঙ) প্রতারণার মাধ্যমে রায় লাভ করিলে;

(চ) ইহা বাংলাদেশে বলবৎ কোন আইন বিরোধী কোন দাবি সমর্থন করিলে।

13. When foreign judgment not conclusive—A foreign judgment shall be conclusive as to any matter thereby directly adjudicated upon between the same parties or between parties under whom they or any of them claim litigating under the same title except—

(a) where it has not been pronounced by a Court of competent jurisdiction;

(b) where it has not been given on the merits of the case;

(c) where it appears on the face of the proceedings to be founded on an incorrect view of international law or a refusal to recognise the law of Bangladesh in cases in which such law in applicable;

(d) where the proceedings in which the judgment was obtained are opposed to natural justice;

(e) where it has been obtained by fraud;

(f) where it sustains a claim founded on a breach of any law in force in Bangladesh.

সার সংক্ষেপ

১। আওতা ও প্রয়োগ;
২। চূড়ান্ততা ও রেসজুডিকেটা;
৩। বিদেশী রোয়েদাদ;
৪। দফা (a) উপযুক্ত এখতিয়ারের আদালত;
৫। এখতিয়ার প্রয়োগে অনিয়ম;
৬। বিষয়বস্তু সংক্রান্ত যোগ্যতা;
৭। বিবাদির ব্যাপারে যোগ্যতা;
৮। এখতিয়ারে সমর্পণ;
৯। দফা (b) গুণাগুণের ভিত্তিতে রায়;
১০। দফা (c) আন্তর্জাতিক আইনের ভুল অভিমত অথবা বাংলাদেশের আইনকে স্বীকৃতি দিতে অস্বীকার;
১১। দফা (d) স্বাভাবিক ন্যায়বিচারের বিপরীত;
১২। দফা (f) বাংলাদেশী আইনের লঙ্গনে প্রতিষ্ঠিত ডিক্রি;
১৩। দফা (e) প্রতারণার মাধ্যমে অর্জিত রায়;
১৪। হেফাজত তালাক ও রক্ষণাবেক্ষণ;
১৫। একতরফা ডিক্রি জারি।

১। আওতা ও প্রয়োগ ঃ এই ধারাটি বিদেশী রায়ের ক্ষেত্রে রেস্-জুডিকাটার নীতিকে অঙ্গীভূত করে। বিদেশী রায় বলিতে বিদেশী আদালতের রায়কে বুঝায় এবং বিদেশী আদালত বলিতে বাংলাদেশের বাহিরের এবং বাংলাদেশ সরকারের কর্তৃত্বে পরিচালিত বা প্রতিষ্ঠিত নহে এমন কোন আদালতকে বুঝায়। এই ধারায় বর্ণিত বিধিমালা হইল মূল আইনের বিধিমালা এবং কেবল কার্যধারার নহে [AIR 1962 (SC) 1737]।

এই ধারাটি প্রাইভেট আন্তর্জাতিক আইনের নীতিকে এই মর্মে শামিল করে যে, আদালত যে কোন বিদেশী রায় বলবৎ করিবে যদি ইহা উপযুক্ত আদালত কর্তৃক প্রদত্ত হইয়া থাকে। এমনকি এই ধারা অনুসারে কোন বিদেশী রায় চূড়ান্ত নহে; যখন ইহা এমন কোন আদালত কর্তৃক ঘোষণা করা হয়, যাহা কোন উপযুক্ত এখতিয়ারসম্পন্ন আদালত নহে [22 DLR (SC) 334; 29 DLR 272]।

ধারাটির প্রয়োগ বাদীদের ক্ষেত্রে সীমাবদ্ধ নহে। একজন বিবাদী কোন বিদেশী রায়ের ভিত্তিতে বাদীর মামলা প্রত্যাহার করিয়া দেওয়ার অধিকারী হয় [AIR 1964 (SC) 538; AIR 1963 SC 1; AIR 1975 SC 105; AIR 1928 Mad 327]।

কোন মোকদ্দমা কোন বিদেশী আদালত খারিজ করিলে সিদ্ধান্তটা মূল কার্যকারণ এর ভিত্তিতে বাংলাদেশী আদালতে নতুন মোকদ্দমায় বাধা হিসাবে প্রযোজ্য হইবে; যদি ইহা (A) হইতে (F) পর্যন্ত ক্লজে উল্লেখিত শ্রেণীর মধ্যে না পড়ে [ILR 13 Bom 224]। যদি রায়টি ছয়টি কারণের কোন একটির মধ্যে পড়ে, ইহা কোন নিষ্পত্তিকৃত বিষয়ের ব্যাপারে চূড়ান্ত হইবে না [AIR 1975 SC 105]।

বিদেশী রায় ৪৪ক ধারা মতে জারি কার্যক্রমের দ্বারা বা তথ্যভিত্তিতে মামলার দ্বারা বলবৎ করা যায়। কোন বিদেশী রায় প্রাপ্ত পক্ষ মূল কার্যকারণের ভিত্তিতে বিকল্প পন্থায় মোকদ্দমা দায়ের করিতে পারিবে [AIR 1964 (SC) 538]। কিন্তু যদি বাদী রায়ের ভিত্তিতে মামলা করিতে চায়, তাহা হইলে, সে মূল কার্যকারণের ভিত্তিতে এখতিয়ার প্রতিষ্ঠা করিতে পারিবে। এমনকি যদিও ইহা রায়ের মধ্যে একীভূত না হয় [AIR 1964 (SC) 538]।

দেশের কোন উপযুক্ত আদালত কর্তৃক সম্মতির ভিত্তিতে বিদেশী রায়ের ডিক্রি জারিযোগ্য [10 DLR 305]। ১৩ ধারার অর্থে একতরফা ডিক্রি বিদেশী রায় যদিও সিদ্ধান্তের পক্ষে কোন যুক্তি নাই [1979 BSCR 141]। প্রত্যক্ষভাবে নিষ্পত্তিকৃত বিষয় (Matter directly adjudicated) 'বিষয়' উক্তিটি বিষয়বস্তু এর নহে; বরং ইহা দাবিকৃত অধিকার বুঝায় [AIR 1963 (SC) 1] এবং ইহা আইন ও ঘটনাগত সকল প্রশ্ন শামিল করে [21 DLR (WP) 129]।

যেইক্ষেত্রে কোন পক্ষ কর্তৃক কৃত কোন দাবি পরবর্তীতে বিচারে ছাড়িয়া দেওয়া হয়, কিন্তু ডিক্রিটি আবশ্যিকভাবে ইঙ্গিত করে যে, দাবিটি আদালত কর্তৃক গৃহীত হয় নাই, সেইক্ষেত্রে আদালত অবশ্যই প্রত্যক্ষভাবে নিষ্পত্তি করিয়াছেন বলিয়া গণ্য হইবে [AIR 1944 (Mad) 427]।

২। **চূড়ান্ততা ও রেসজুডিকাটা** ঃ এই ধারায় চূড়ান্ততা নীতি রেসজুডিকাটা হইতে কিছুটা ভিন্ন। পূর্বের মামলায় শুনানী ও সিদ্ধান্ত হওয়া সকল বিচার্য বিষয়ের ক্ষেত্রে রেসজুডিকাটা প্রযোজ্য এবং পূর্বের মামলায় সকল বিষয় যাহা আক্রমণের বা আত্মপক্ষ সমর্থনের হেতু হইতে পারিত তাহাও অন্তর্ভুক্ত, অপরপক্ষে বিদেশী রায়ের চূড়ান্ততা প্রত্যক্ষভাবে বিচার করা হইয়াছে কেবল সেইক্ষেত্রে প্রযোজ্য। স্পষ্টতই বিদেশী আদালত কর্তৃক শুনানী চূড়ান্তভাবে সিদ্ধান্ত হইয়াছে এমন প্রত্যেক বিষয় পক্ষদের মধ্যে চূড়ান্ত নয়। কেবল মাত্র রায়ই চূড়ান্ত [AIR 1963 (SC) 1]।

৩। **বিদেশী রোয়েদাদ** ঃ এই ধারাটি বিদেশী রোয়েদাদের ক্ষেত্রে প্রযোজ্য নহে [1997 BLD (AD) 249]। পক্ষগণ কর্তৃক বাছাইকৃত সালিসকারীগণ দ্বারা বিদেশী রাষ্ট্রে প্রদত্ত কোন রোয়েদাদ বিদেশী আদালত কর্তৃক প্রদত্ত কোন রায়ের সহিত তুলনা করা যায় না এবং ইহার বৈধতা এই ধারায় লিপিবদ্ধকৃত কারণে আক্রমনের জন্য উন্মুক্ত নহে [AIR 1959 Bom 414; AIR 1957 Cal 103]। তবে ২০০১ সনের সালিস আইনের ৪৫ ধারা অনুসারে বিদেশী সালিসী রোয়েদাদ আদালত কর্তৃক দেওয়ানী কার্যবিধির ৪১ ধারা অনুসারে কার্যকর করা যাইবে।

৪। **দফা (a) উপযুক্ত এখতিয়ারের আদালত** ঃ বিদেশী রায় অবশ্যই উপযুক্ত এখতিয়ারের আদালত দ্বারা অর্থাৎ কোন এখতিয়ারসম্পন্ন আদালত দ্বারা (প্রদত্ত) হইবে। বিদেশী আদালতের এখতিয়ার সম্পর্কে

আপত্তি প্রথমেই ঐ আদালতে উত্থাপন করিতে হইবে। বিবাদি এই ব্যাপারে আপত্তি দেয় নাই এবং গুণাগুণের ভিত্তিতে ফয়সালা হয়। সে কারণে ভারতীয় আদালতে ঐ আপত্তি দেওয়া যাইবে না [AIR 2016 NOC 106 Bom]।

কোন আদালত উপযুক্ত এখতিয়ারের আদালত কিনা তাহা প্রাইভেট আন্তর্জাতিক আইনের নীতিমালা মোতাবেক হইবে [AIR 1928 PC 83; AIR 1952 Cal 508]।

৫। এখতিয়ার প্রয়োগে অনিয়ম ঃ যেইক্ষেত্রে বিদেশী আদালতের এখতিয়ার থাকে অথবা যেইক্ষেত্রে বিবাদী বিদেশী আদালতের এখতিয়ারের সম্মতি প্রদান করে, সেইক্ষেত্রে এইরূপ আদালতের রায় অনিয়ম দ্বারা বাতিল করা হয় না, যেই অনিয়ম আদালতের এখতিয়ারকে ক্ষতিগ্রস্ত করে না, এমনকি যখন এইগুলি বিদেশী আদালতের দৃষ্টিতে রায়কে বাতিল করে [ILR 30 Mad 292; (1899) 1 CH 781]।

যেইক্ষেত্রে উচ্চতর আদালতের পূর্ণাঙ্গ বেঞ্চ তদার্থে প্রণীত বিধিমালা মোতাবেক কঠোরভাবে গঠন করা হয় নাই, সেইক্ষেত্রে ইহার রায় এখতিয়ারবিহীন নহে [AIR 1963 (SC) 1]।

৬। বিষয়বস্তু সংক্রান্ত যোগ্যতা ঃ প্রাইভেট আন্তর্জাতিক আইন মতে কোন রাষ্ট্রের কোন আদালতের এমন স্থাবর সম্পত্তির দখল বা স্বত্বের প্রশ্ন নিষ্পত্তি করিবার এখতিয়ার থাকে না, যেই সম্পত্তি অন্য রাষ্ট্রে অবস্থিত হয় [AIR 1957 Mad 214]।

বিদেশী রাষ্ট্রের স্থাবর সম্পত্তি সংক্রান্ত কোন সিদ্ধান্ত যদি এখতিয়ারবিহীন হয় এবং এইরূপ সম্পত্তির উপর দায় সৃজনকারী ডিক্রি বলবৎ করা যায় না [AIR 1963 SC 1]। কোন বিদেশী আদালতের যোগ্যতা থাকিবে যদি সম্পত্তিটা ঐ রাষ্ট্রের ভূখন্ডের মধ্যে অবস্থিত হয়, যেই রাষ্ট্রের প্রতি বিদেশী আদালতের আনুগত্য থাকে [AIR 1942 Bom 199]।

বিদেশী আদালত সম্পর্কে রাষ্ট্রীয় আইন (municipal law) মোতাবেক সম্পত্তির উপর বিদেশী আদালতের আঞ্চলিক এখতিয়ার ছিল কিনা সেই বিষয় সংক্রান্ত প্রশ্নটি এইরূপ বিদেশী আদালত কর্তৃক চূড়ান্তভাবে নিষ্পত্তি করিতে হয় [AIR 1947 PC 192]।

৭। বিবাদীর ব্যাপারে যোগ্যতা ঃ ব্যক্তিগত প্রকৃতির মোকদ্দমায় বা অস্থাবর সম্পত্তির ক্ষেত্রে, মামলাটি ঐ আদালতে দায়ের হওয়া উচিত যাহার এখতিয়ারের মধ্যে বিবাদী মোকদ্দমা রুজুকালে একজন অধিবাসী [ILR 22 Cal 222 (PC); AIR 1942 Bom 199]।

যেইক্ষেত্রে বিদেশী আদালতে দায়ের করা মামলায় বিবাদী বিদেশী রাষ্ট্রের নাগরিক ছিল না, মোকদ্দমা রুজুকালে ঐ রাষ্ট্রে উপস্থিতও ছিল না, পরওয়ানা জারি হয় নাই, অথবা সে ঐ আদালতের এখতিয়ারে নিজেকে পেশ করে নাই, সেইক্ষেত্রে ঐ বিদেশী আদালত ১৩ ধারার অর্থে কোন উপযুক্ত আদালত ছিল না [ILR 22 Cal 222 (PC);17 DLR 659]।

এই কার্যবিধির ২০ (সি) ধারা বিদেশীদের উপর বাংলাদেশের আদালতকে মামলা বিচারের এখতিয়ার প্রদান করে যদি কোন নির্দিষ্ট আদালতের এলাকার মধ্যে আংশিক বা সম্পূর্ণ কার্যকারণ উদ্ভব হয়, এমনকি বিদেশীর অনুপস্থিতিতে বা সে ঐরূপ আদালতে সমর্পণ না করে। এইরূপ আদালতের ডিক্রি বাতিল নহে, তবে বাংলাদেশের বাহিরে জারিযোগ্য নহে [AIR 1971 (SC) 974]।

যেইক্ষেত্রে অস্থাবর সম্পত্তি এখতিয়ারের বাইরে অবস্থিত, যেমন কোন বিদেশী রাষ্ট্রে কোন কোম্পানীর শেয়ার এখতিয়ারের বাহিরে ব্যবসা পরিচালনা করা এবং এইরূপ অস্থাবর সম্পত্তির দখলে থাকা বিবাদী আদালতের এখতিয়ারের মধ্যে বাস করিলে বা এখতিয়ারে আত্মসমর্পন করিলে, এইরূপ সম্পত্তির দখল অর্পণ করিবার জন্য তাহার বিরুদ্ধে কোন রায় কার্যকর হইবে এবং প্রশ্ন করা যাইবে না [AIR 1963 SC 1]।

বাংলাদেশী দম্পত্তির ইংল্যান্ডে বসবাসকালীন সন্তান জন্ম গ্রহণ করিলে উক্ত সন্তানের হেফাজতের (custody) ব্যাপারে ইংল্যান্ডের আদালতের এখতিয়ার থাকিবে [AIR 1984 (SC) 1224]। অপরপক্ষে ডমিচাইল্ড বা বসবাস করে না এমন বিদেশী রাষ্ট্র কর্তৃক তালাকের ডিক্রি বাংলাদেশ কর্তৃক অনুমোদিত হইবে না [AIR 1975 (SC) 105]।

কোন কোম্পানী যদি শুধু গ্রাহক খোজার জন্য এবং গ্রাহক ও কোম্পানীর মধ্যে তথ্য স্থানান্তরের জন্য এজেন্ট নিয়োগ করে এবং কোম্পানীর পক্ষে চুক্তি করার ক্ষমতা না দেয়, সেক্ষেত্রে কোম্পানীকে বিদেশী রাষ্ট্রে বসবাসকারী (resident) বলা যাইবে না [(1971) 2 All ER 1428]।

৮। এখতিয়ারে সমর্পণ ঃ যেই ব্যক্তি বিদেশী আদালতে বাদী হিসাবে মামলা করে, সেই ব্যক্তি স্বেচ্ছায় এখতিয়ারে সমর্পণ করে এবং সে অতঃপর ইহাকে চ্যালেঞ্জ করিতে পারে না [ILR 2 Mad 400]।

কোন ব্যক্তি স্বেচ্ছায় বা বল প্রয়োগের কারণে আদালতের এখতিয়ারে সমর্থন করিয়াছে তাহা ঘটনার প্রশ্ন [ILR 39 (Mad) 24]। লিখিত বিবরণ এবং এমনকি এখতিয়ার চ্যালেঞ্জ করিয়া লিখিত বিবরণ দাখিল [AIR 1941 (Mad) 387], কোন সংক্ষিপ্ত মামলায় আত্মপক্ষ সমর্থনের জন্য আদালতের অনুমতির জন্য দরখাস্ত দাখিল [AIR 1971 (SC) 974], একতরফা ডিক্রি বাতিলের দরখাস্ত দাখিল [AIR 1927 (Lah) 200] বা আপীল দায়ের, জেরায় অংশ গ্রহণের জন্য আইনজীবি নিয়োগ [AIR 1948 (Mad) 203] বা কোন প্রতিনিধিকে আম-মোক্তার নিয়োগ ইত্যাদি আদালতের এখতিয়ারে সমর্পণ হিসাবে গণ্য হইবে। তবে এখতিয়ারকে চ্যালেঞ্জ করিবার জন্য আদালতে হাজির হওয়া এখতিয়ারে আত্মসমর্পণ নহে [AIR 1958 (Mad) 203; 9 DLR 197]।

যেই বিবাদী বিদেশী আদালতের মোকদ্দমায় আইনজীবি নিযুক্ত করে, সেই ব্যক্তি বিদেশী আদালতের এখতিয়ারে আত্মসমর্পণ করিয়াছে বলিয়া বিবেচিত হইবে. যদি আইনজীবি শুনানীতে বর্ণনা করেন যে, তিনি তাহার মক্কেলের নিকট হইতে কোন নির্দেশনা পান নাই [ILR 18 Mad 327]।

যেই ব্যক্তি কোন বিদেশী আদালতের পরওয়ানা মানিয়া উপস্থিত হয় এবং আদালতের এখতিয়ারের ব্যাপারে আপত্তি না করিয়া মোকদ্দমা মোকাবেলা করিবার অনুমতির জন্য দরখাস্ত করে, যখন সে এইরূপ করিতে আইনত বাধ্য নহে, সেই ব্যক্তি অবশ্যই এইরূপ আদালতের এখতিয়ারে স্বেচ্ছায় অত্মসমর্পণ করিয়াছে বলিয়া গণ্য হইবে [AIR 1963 SC 739; 1963 (1) Andh LT 302; 65 Bom LR 331; 1963 MPLJ 829; (1963) 2 SCJ 227; (1963) 2 SCR 574; 1963 Mah LJ 941]।

কোন অংশীদারিত্বের কার্যের দ্বারা আত্মসমর্পণ একজন অংশীদারের ব্যক্তিগত ক্ষমতায় আত্মসমর্পণকে বুঝায় না [AIR 1973 Mad 141]। কোন নাবালককে বিদেশী আদালতের এখতিয়ারে অভিভাবকের মাধ্যমে আত্মসমর্পণ করিয়াছে বলিয়া ধরা যায় না, যদি এইরূপ অভিভাবক তাহার হাজিরা দাখিল করিয়া না থাকে [AIR 1974 SC 1764]।

কোন বিদেশী রাষ্ট্রের অস্থাবর সম্পত্তির দখল ঐ রাষ্ট্রের আদালতকে ঐ সম্পত্তি নিয়ন্ত্রণ করিবার এখতিয়ার প্রদান করে [1828 (4) Bing 686]। প্রতিনিধির মাধ্যমে বিদেশী রাষ্ট্র ব্যবসায় পরিচালনাকারী ব্যক্তি তাহার ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট কোন বিষয় সংক্রান্ত মোকদ্দমা সমর্থন ও দায়ের করিবার কর্তৃত্ব প্রতিনিধিকে প্রদানের দ্বারা বিদেশী আদালতের এখতিয়ারে আত্মসমর্পণ করে [ILR 37 Mad 163; AIR 1925 Mad 155]।

যেইক্ষেত্রে কোন বিদেশী আদালতের এখতিয়ারে আত্মসমর্পণ করিবার কোন প্রত্যক্ষ চুক্তি থাকে, সেইক্ষেত্রে ঐ আদালত কর্তৃক প্রদত্ত রায় বাংলাদেশী আদালতে বলবৎযোগ্য হইবে [AIR 1925 Bom 449; AIR 1924 Bom 381]। কিন্তু বিদেশী রাষ্ট্রে অংশিদারিত্বের চুক্তিতে প্রবেশ করিবার বিষয়টি তেমন কোন চুক্তি শামিল করে না [(1908) 1 KB 302; AIR 1933 Mad 112]।

৯। **দফা (b) গুনাগুণের ভিত্তিতে রায় ঃ** বিদেশী রায় চূড়ান্ত হইলে অবশ্যই গুণাগুণের ভিত্তিতে প্রদত্ত হইবে [AIR 1947 (PC) 192]। কোন রায় গুণাগুণের ভিত্তিতে প্রদত্ত হইয়াছে বলিয়া ধরা যায়, যখন বিচারক সাক্ষ্য গ্রহণ করিয়া মামলার সত্য বা মিথ্যার ব্যাপারে বিচারিক মন প্রয়োগের পর মামলাটি নিষ্পত্তি করেন। যখন বিবাদী সাক্ষ্য পরিচালনা করেন, তখন রায় গুণাগুণের ভিত্তিতে হয় [AIR 1990 (Del) 305]। যেক্ষেত্রে বিবাদি গুণাগুণের ভিত্তিতে জবাব দাখিল করে কিন্তু বিচারের দিন উপস্থিত হয় নাই তবে রায় গুণাগুণের হয় সেই ক্ষেত্রে রায় জারিযোগ্য [AIR 2016 NOC 106 Bom]।

আত্মপক্ষ সমর্থনের অনুমতি অস্বীকার করিয়া প্রদত্ত রায় [AIR 1981 Mad 118] বা বিবাদী কর্তৃক প্রশ্নের উত্তর প্রদানে ব্যর্থতার পর রায় [AIR 1916 (PC) 121], হাজির হইতে ব্যর্থতার কারণে রায় [AIR 1973 (Mad) 1141]। বিবাদী কর্তৃক জিম্মা প্রদানে ব্যর্থতার পর রায় ইত্যাদি গুণাগুণের ভিত্তিতে রায় নহে। মামলার গুণাগুণ বিবেচনা করিয়া আদালত যখন সিদ্ধান্তে আসেন তখনই উহাকে গুণাগুণের ভিত্তিতে সিদ্ধান্ত বলা যায়। একতরফা সিদ্ধান্ত গুণাগুণের ভিত্তিতে নয় ইহা বলা যাইবে না [AIR 1959 (Bom) 1944]। এক তরফা হইলেও কোন সিদ্ধান্তকে গুণাগুণের ভিত্তিতে প্রদত্ত বলা যাইবে যদি কোন সাক্ষ্য প্রদান করা হয় এবং উহা বিবেচনা করা হয় [AIR 1941 (Mad) 387]। ভারতীয় সুপ্রিমকোর্টের মতে আত্মপক্ষ সমর্থনের অনুমতির শর্তে টাকা জমা প্রদান্তে ব্যর্থতার কারণে বিদেশী আদালত কর্তৃক একতরফা ডিক্রি গুণাগুণের ভিত্তিতে প্রদত্ত ডিক্রি মর্মে গণ্য [AIR 1967 (SC) 739]। আপোষমূলে প্রদত্ত ডিক্রি গুণাগুণের ভিত্তিতে প্রদত্ত ডিক্রি নয় [AIR 1946 (Mad) 296]।

১০। **দফা (c) আন্তর্জাতিক আইনের ভুল অভিমত অথবা বাংলাদেশের আইনকে স্বীকৃতি দিতে অস্বীকার ঃ** কোন বিদেশী আদালতের কোন রায় চূড়ান্ত হইবে না যদি ইহা আন্তর্জাতিক আইনের ভুল অভিমতের উপর নির্ভরশীল হয় [21 DLR (WP) 129; 22 DLR (SC) 334]। অথবা আদালত বাংলাদেশের কোন আইনকে স্বীকৃতি দিতে অস্বীকার করে যাহা মামলার বিষয়াদির ক্ষেত্রে প্রযোজ্য হয় [AIR 1963 SC 1; AIR 1954 SC 538]।

ভারতে হওয়া চুক্তির ভিত্তিতে ইংল্যান্ডে হওয়া মামলায় ইংল্যান্ডের আদালত যেক্ষেত্রে ভুল অভিমত পোষণ করে যে মামলাটি বৃটিশ আইন দ্বারা পরিচালিত, সেক্ষেত্রে রায়টি আন্তর্জাতিক আইনের ভুল ব্যাখ্যা [AIR 1952 (Cal) 508]।

১১। **দফা (d) স্বাভাবিক ন্যায়বিচারের বিপরীত ঃ** কোন বিদেশী আদালতের কোন রায় চূড়ান্ত হইবে না, যদি ইহা স্বাভাবিক ন্যায়বিচারের নীতিমালা লংঘনে প্রদত্ত হইয়া থাকে [22 DLR SC 334; AIR 1974 SC 1764]। কিন্তু যেক্ষেত্রে বিবাদির উপর যথাযথভাবে নোটিশ জারি হয় এবং তাহার প্রতিনিধিত্ব ছিল কিন্তু সে বিলম্ব করার জন্য বার বার মুলতবি নেয় সেক্ষেত্রে স্বাভাবিক ন্যায়বিচার লঙ্ঘনে রায় দেওয়া হইয়াছে বলা যাইবে না [AIR 2016 NOC 106 Bom]।

কোন মোকদ্দমা এমন কোন রায়ের ভিত্তিতে রক্ষণীয় নহে, যেই রায় বিবাদীর প্রতি মোকদ্দমার নোটিশ ব্যতীত অর্জিত হয় [ILR 9 Bom 346; ILR 13 (Mad) 496; AIR 1952 (Cal) 508] বা যথাযথ প্রতিনিধিত্ব ছাড়া নাবালকের বিরুদ্ধে [AIR 1934 (Bom) 390] বা নাবালকের অভিভাবক নিয়োগ ছাড়া [AIR 1927 (Lah) 200]।

কোন রায় বলবৎযোগ্য হইবে না, যদি বিবাদীর প্রতি নোটিশ জারি করা না হয়। যেইক্ষেত্রে বিদেশী আদালতে মোকদ্দমা মোকাবেলা করিবার অথবা দায়ের করিবার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির প্রতি নোটিশ জারি করা হয়, সেইক্ষেত্রে ইহাকে পর্যাপ্ত হিসাবে গণ্য করা হয় [AIR 1925 (Mad) 155]। নোটিশ জারির ব্যাপারে প্রতিকূল কোন সাক্ষ্য না থাকিলে বিদেশী আদালত জারি সন্তোষজনক মনে করিলে উহাকে সঠিক মনে করিতে হইবে [AIR 1925 (Mad) 155]।

বিদেশী আদালতের কার্যক্রম উক্ত আদালতের কার্যবিধি অনুসারে হইলেও যদি স্বাভাবিক ন্যায়বিচারের নীতি অনুসারে না হয়, সেক্ষেত্রে উহাকে চূড়ান্ত বলা যাইবে না; অপরপক্ষে উক্ত আদালতের কোন বিধি লঙ্ঘন হইলেও যদি উহা স্বাভাবিক ন্যায়বিচারের নীতি অনুসারে হয় সেক্ষেত্রে উহা চূড়ান্ত হইবে [AIR 1974 (SC) 1764]।

যখন বিবাদীকে বিদেশী আদালত কর্তৃক তাহার মামলা মোকাবেলা করিবার পর্যাপ্ত সুযোগ প্রদান করা হইয়াছে, তখন ইহা বলা যায় না যে, স্বাভাবিক সুবিচারের নীতিমালা লংঘিত হইয়াছে [AIR 1990 (Bom) 170]। স্বাভাবিক ন্যায়বিচারের নীতি লঙ্ঘন বাংলাদেশের আইন অনুসারে বিবেচনা করিতে হইবে। ইহা শুধু সঠিক জারি শুনানীর সুযোগ বা বিচারের পক্ষপাত ইত্যাদিতে সীমাবদ্ধ থাকিবে না [AIR 1963 (SC) 1]।

১২। দফা (F) বাংলাদেশী আইনের লংঘনে প্রতিষ্ঠিত ডিক্রি ঃ বাংলাদেশের কোন আদালত এমন বিদেশী রায়কে স্বীকৃতি দিতে অস্বীকার করিবে, যেই রায় বাংলাদেশের আইনের লংঘনের উপর প্রতিষ্ঠিত হয় [AIR 1975 (SC) 105; (1991) 3 (SCC) 451]।

বাংলাদেশী আদালতের সম্মুখে আসা সকল মামলা বাংলাদেশের আইন অনুসারে নিষ্পত্তি করিতে হইবে যেন বিদেশী আইন আমাদের জননীতি (Public policy) লঙ্ঘন না করিতে পারে [AIR 1975 (SC) 105] যে ক্ষেত্রে বিদেশী আদালতের রায় দুইটি হেতুতে প্রতিষ্ঠিত– একটি বাংলাদেশের আইন লঙ্ঘনের সঙ্গে জড়িত এবং অপরটি জড়িত নয়, সেক্ষেত্রে দ্বিতীয় হেতুর ভিত্তিই চূড়ান্ত হইবে [AIR 1941 (Mad) 387]।

১৩। দফা (e) প্রতারণার মাধ্যমে অর্জিত রায় ঃ প্রতারণার মাধ্যমে অর্জিত রায় যে কোন সময় চ্যালেঞ্জ করা যায় [AIR 1994 (SC) 835]। যেক্ষেত্রে একজন স্বামী আমেরিকার ডমিচাইল্ড দাবি করিয়া আমেরিকার আদালত হইতে তাহার স্ত্রীর বিরুদ্ধে তালাকের ডিক্রি লাভ করে যদিও সে আমেরিকার অধিবাসী বা ডমিচাইল্ড ছিল না। ভারতীয় সুপ্রিমকোর্ট দেখিতে পান যে মিথ্যা দাবি দ্বারা আদালতের উপর প্রতারণা করায় ডিক্রিটি বাতিল ও এখতিয়ারবিহীন [AIR 1975 (SC) 105]। প্রতারণা হইতে হইবে এক হয় পক্ষের উপর না হয় আদালতের উপর [AIR 1974 (SC) 1764]; এবং উহা হইবে প্রকৃত, গঠনমূলক নহে। তবে শুধু তথ্য গোপন করাই বিদেশী রায় এড়ানোর জন্য যথেষ্ট নয় [AIR 1974 (SC) 1764]। প্রতারণাটি অবশ্যই মামলার পদ্ধতির সঙ্গে যুক্ত হইতে হইবে। এমন সাক্ষ্যের ভিত্তিতে বাদী ডিক্রি লাভ করিয়াছে যাহা আদালত বিশ্বাস করিয়াছে কেবলমাত্র এই কারণেই বিদেশী রায় এড়ানো যাইবে না, প্রকৃত পক্ষে সাক্ষ্যটি মিথ্যা হইতে হইবে [AIR 1941 (Mad) 387]।

১৪। হেফাজত তালাক এবং রক্ষণাবেক্ষণ ঃ এক জার্মান আদালত কোন জার্মান মহিলাকে তাহার নাবালক সন্তানের জিম্মা দেয়। ধারায় উল্লেখিত কোন ব্যতিক্রম না থাকিলে বিদেশী রায়টি পক্ষগণের উপর বাধ্যকর [AIR 1994 P&H 309]। বিবাহ ও হেফাজতের ব্যাপারে দম্পত্তি ও বিবাহের সহিত ঘনিষ্ট সম্পর্ক আছে এমন স্থানের আইন দ্বারা পরিচালিত হওয়া উচিত। যেক্ষেত্রে দম্পত্তি ইংল্যান্ডে বাস করে এবং সেখানে তাহাদের পুত্র সন্তান হয়, সেক্ষেত্রে পুত্রের পিতা প্রতারণামূলক ভাবে ছেলেকে ভারতে নিয়া আসিয়া হেফাজতের ব্যাপারে বৃটিশ আদালতের এখতিয়ার বাধাগ্রস্ত করিতে পারে না [(1984) 3 SCC 698 see also AIR 2014 SC 918]। যেক্ষেত্রে সন্তান এবং পিতা-মাতা ক্যানাডিয়ান এবং কানাডিয়ান আদালত মা'কে সন্তানের অন্তর্বর্তী জিম্মা প্রদান করে, পিতা সন্তানদেরকে অননুমোদিতভাবে ভারতে নিয়া আসিলেও কানাডিয়ান আদালতের রায় বলবতযোগ্য যদিও মা ব্যভিচারে লিপ্ত মর্মে অভিযোগ আছে [AIR 1989 (P&H) 103]। যেক্ষেত্রে নাবালক সন্তান কালিফোরনিয়া (যুক্তরাষ্ট্রের) নাগরিক সেক্ষেত্রে হেফাজত সম্বন্ধে কালিফোরনিয়ার উচ্চ আদালতের রায় চূড়ান্ত। ৫ বছরের উর্ধ্বের সন্তানের স্বাভাবিক অভিভাবক পিতা তাই সে পিতার হেফাজতে থাকিবে [AIR 2016 Mad 187]।

least two are plots in the above two suit are the same and in two court's proceeding are pending and to avoid conflict of judgments and possibility of multiplicity of proceeding, the subsequent suit should be stayed. [Para-25]

Shamsul Huq Vs. Ashkor Ali, 4 BLT (HCD)-9.

